দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 32 ■ 8th August, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88




## প্রাথমিক শিক্ষা পর্ষদ, কলেজ সার্ভিস কমিশন ও মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন উঠে যাচ্ছে

# নতুন ৫টি নিয়োগ পর্ষদের মাধ্যমে গ্রুপ 'ডি' থেকে অফিসার পর্যন্ত নিয়োগে তৎপরতা শুরু

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : রাজ্যের সব নিয়োগ পর্ষদের আমূল বদল হচ্ছে। রাজ্যের সব সরকারি দফতরে গ্রুপ-ডি থেকে অফিসার পদ পর্যন্ত বিভিন্ন স্তরে নিয়োগ হবে এই ৫টি রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে : (১) পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন, (২) পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড, (৩) পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড, (৪) পশ্চিমবঙ্গ গ্রুপ-ডি রিক্রুটমেন্ট বোর্ড, (৫) শিক্ষা সংক্রান্ত রিক্রুটমেন্ট বোর্ড।

পি.এস.সি'র চেয়ারম্যান না থাকায় ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোতে দেরি হচ্ছিল। ৩ আগস্ট, সোমবার অ্যাডিশনাল চিফ সেক্রেটারি প্রভাতকুমার মিশ্রর নির্দেশে [Notification No.: 2806-F(H)] পি.এস.সি'র নতুন চেয়ারম্যান পদের দায়িত্ব নিলেন অবসরপ্রাপ্ত আই.এ.এস. অফিসার অনিল ভার্মা। এবার এই সমস্যা মিটে যাচ্ছে। তাই পি.এস.সি'র মাধ্যমে যাবতীয় নিয়োগ প্রক্রিয়া শিগগিরই শুরু হবে।

প্রশাসনিক সূত্রে খবর, প্রাথমিক শিক্ষা পর্ষদ, স্কুল সার্ভিস কমিশন ও কলেজ সার্ভিস কমিশন মিলিয়ে একটি 'শিক্ষা সংক্রান্ত নিয়োগ পর্ষদ' তৈরি হবে। প্রাথমিক স্কুলের প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্কুলের সহ-শিক্ষক, কলেজের অ্যাসিস্ট্যান্ট লেকচারার ও স্কুলের প্রধান শিক্ষক নিয়োগ হবে একটিই রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। প্রতিটি রিক্রুটমেন্ট বোর্ডের সভাপতি / চেয়ারম্যান হবেন অবসরপ্রাপ্ত আই.এ.এস. পর্যায়ের আধিকারিক। কোনো রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান,

☞ এরপর ৫ পাতায়

# মার্চের মধ্যেই ৫০ হাজার শিক্ষক শিক্ষাকর্মী ও অধ্যাপক নিয়োগ

**নিয়োগ পদ্ধতিতে আমূল বদল**

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : মার্চের মধ্যেই শিক্ষক-শিক্ষিকা, অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষাকর্মী পদে ৫০ হাজার শূন্যপদ পূরণ করা হবে। রাজ্যে উচ্চ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে সহ-শিক্ষক-শিক্ষিকা ও প্রধান শিক্ষক-শিক্ষিকার পদ রয়েছে ২ লাখ ৩২ হাজার ৯৫৪টি। এরমধ্যে শূন্যপদ রয়েছে ৯৮,৩৪৯টি। সারপ্লাস শিক্ষক আছেন ৮,৬১৪ জন। শিক্ষামন্ত্রী দীপক বর্মন

☞ এরপর ৩ পাতায়

কলকাতার ১২৫টি আইটি কোম্পানিতে

# GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪৮,০৪২ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

সৈকত হালদার, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ৭,০২২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৪,১৩১ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে।

☞ এরপর ৪ পাতায়

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১,৪০৩ ক্লার্ক

**কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ**

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : সারা ভারতের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস' অর্থাৎ, 'ক্লারিক্যাল ক্যাডারে' ১১,৪০৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অফ কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস' (CRP CSA-XVI)' পরীক্ষার মাধ্যমে। আগে এই পদের নাম ছিল ক্লারিক্যাল ক্যাডার। এখন নাম বদলে হয়েছে 'কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস (CSA)'.

প্রথমে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন সর্বভারতীয় ভিত্তিতে 'অনলাইন পরীক্ষা' নেবে। পরীক্ষা হবে দু'টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা ও তাতে কোয়ালিফাই নম্বর পেলে মেন পরীক্ষা। 'মেন' পরীক্ষায় সফল হলে নাম অ্যালোকেশনের জন্য পাঠানো হবে। এই পদের বেলায় কোনো ইন্টারভিউ নেই। 'মেন' পরীক্ষায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে ও নিয়োগ হবে ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র,

☞ এরপর ১০ পাতায়

# ইসরোতে ২৪৪ অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক

নিজস্ব সংবাদদাতা, শ্রীহরিকোটা : ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড 'অ্যাসিস্ট্যান্ট', 'জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট', 'আপার ডিভিশন ক্লার্ক' ও 'স্টেনোগ্রাফার' পদে ২৪৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট: মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : আহমেদাবাদে ২৭টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ২)। আহমেদাবাদে (অটোনমাস ইনস্টিটিউশন্সে) ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। বেঙ্গালুরুতে

☞ এরপর ৭ পাতায়

# বিমানবাহিনীতে 'অগ্নিবীর বায়ু'

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় বায়ুসেনা 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর বায়ু (নন-কম্ব্যাট্যান্ট) পদে কয়েকশো জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে হসপিটালিটি ও হাউসকীপিং পদে। এই পদের ব্যাচ নম্বর : 01/2027. কারা কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৫ থেকে ১-৭-২০০৯'র মধ্যে। শরীরের

☞ এরপর ৭ পাতায়

# ১২০ ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালুরু : হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' ও 'ডিজাইন ট্রেনি' পদে ১২০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ডিজাইন ট্রেনি (অ্যারোনটিক্যাল) : অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

☞ এরপর ১২ পাতায়

# ৩৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার কলকাতা অফিস গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ৩৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

☞ এরপর ২ পাতায়

# ইসরোতে ৪১০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালুরু : ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের ইউ.আর. রাও স্যাটেলাইট সেন্টার গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসাবে ৪১০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে : কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল, ইন্সট্রুমেন্টেশন, অটোমোবাইল, কমার্শিয়াল প্র্যাক্টিস। ইঞ্জিনিয়ারিং বা, কমার্শিয়াল প্র্যাক্টিসের সংশ্লিষ্ট ট্রেডের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং।

☞ এরপর ১০ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ৯২ সায়েন্টিস্ট

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন 'সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স / মেকানিক্যাল / কম্পিউটার সায়েন্স)' পদে ৯২জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩৪টি। পোস্ট কোড : BE001.

☞ এরপর ৬ পাতায়

# ৪৫ ভলান্টিয়ার্স

কাঁথি সাব-ডিভিশনাল অফিস নুলিয়া সিভিল ডিফেন্স ভলান্টিয়ার্স পদে ৪৫ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩৮ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। কাঁথি সাব ডিভিশনের স্থায়ী বাসিন্দা হতে হবে। সিভিল ডিফেন্স বেসিক

☞ এরপর ৩ পাতায়



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
❐ R

**MD(EH) & BNYS**
ভর্তি চলছে। UGC স্বীকৃত ইউনিভার্সিটি থেকে MD (ইলেক্ট্রো হোমিওপ্যাথি। যোগ্যতা : BHMS/BAMS) এবং CMS & ED কোর্স করে বৈধভাবে প্র্যাকটিস করতে পারবেন। BNYS (Ayush) Dr. রেজিস্ট্রেশন নিয়ে প্র্যাকটিস। ক্লাস : শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স। (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ) গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A বাসস্ট্যান্ডের বিপরীতে।
www.camsversity.com
7980054389 / 7439213900
❐ D

## স্কুল-কলেজ-শিক্ষা

মুক্ত বিশ্ববিদ্যালয় BA/MA/MSc/BSc /D.Pharm/ LLB/ MP/HS একচান্সে পাশ করুন। 8479953999
❐ SH(A)

## কর্মখালি

**JOB VACANCY**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17200–67500). M : 75010 36815
❐ SA(A)

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন : 18,000 –65,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 9239390680
❐ SA(A)

**মেট্রো জব ভ্যাকান্সি**
East.-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16700–65900). থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস ও প্রমোশনের সুবিধা। 7797640316
❐ SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

## কর্মখালি

**Airport-এ ভ্যাকান্সি**
**L.No-WB-23569**
দমদম, অন্ডাল ও বাগডোগরা-সহ রাজ্যের সমস্ত Airport-এ বিভিন্ন পদ-এ স্থায়ী কর্মী নিয়োগ। যোগ্যতা: অষ্টম-স্নাতক, বেতন : 18500–52500. PF, ESI, বোনাস-সহ থাকা, খাওয়া ফ্রি। M : 8116674810
❐ SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500–67700)। PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা। M : 8371905718
❐ SA(A)

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342
❐ R

## কর্মখালি

Airport-এ Ground Staff পদে M/F স্থায়ী নিয়োগ। যোগ্যতা : HS-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22500-65900. থাকা ও খাওয়া-সহ অন্যান্য সুবিধা। M : 7063116189 (HR)
❐ SA(A)

**বন্ধন ব্যাঙ্কে DSA-তে**
জরুরি নিয়োগ পদ : রিলেশনশিপ ডিপার্টমেন্ট, বেতন : Rs. 68,000–Rs. 98,000 প্রতি মাসে, কর্মস্থল : পশ্চিমবঙ্গের সকল জেলা, এক্স সার্ভিসম্যান-দের জন্য বিশেষ সুবিধা ও অগ্রাধিকার। আগ্রহী প্রার্থীরা দ্রুত আবেদন করুন। M : 8910398678
❐ SP

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (16500–62900)। থাকা ও খাওয়া ফ্রি। M : 7431933893
❐ SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**Urgent MR Vacancy**
কল্যাণীতে মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (Medical Representative) Sales & Marketing Pharma Division, নদিয়াতে কাজের অভিজ্ঞতাবান employee নিচ্ছে। Max. Age- 40 Years, Male, Salary Upto 30,000/- Mob: 9538304714 / 9836759432
❐ S

Need a site supervisor (B.Sc) and a project manager for the road construction under the Government Contractor - Diploma/Degree in Civil Engineering. M: 8420112020
❐ D

**Airport জব ভ্যাকান্সি**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে কন্ট্রাক্টরের অধীনে Airport-এ স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16200–65700)। থাকা, খাওয়া ফ্রি। 8367814774
❐ SA(A)

## কর্মখালি

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7583934359
❐ SA(A)

**WBSEDCL-এ**
**কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K-56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825
❐ SA

Kolkata Metro দিচ্ছে কন্ট্রাক্টরের অধীনে M/F স্থায়ী নিয়োগ। যোগ্যতা: HS–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (22000–64000)। থাকা ও খাওয়া -সহ অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 8367842050
❐ SA(A)

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়। — সম্পাদক, কর্মসংস্থান

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, কর্মসংস্থান

## ৩৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৪টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (টেকনিক্যাল) :** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৬টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৩টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (টেকনিক্যাল) :** ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

**আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস (কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, মেকানিক বা, ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১০,৫৬০ ও ৯,৬০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ২টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক্সে ২টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্টে ২টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২২ বা, তারপর। বয়স হতে হবে ২৪-৮-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2026/AAC/Apprentice-Graduate/Diploma/ITI (Trade)/AAI - NSCBI Airport.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউ বা, সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

আগ্রহী প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ২৪ আগস্টের মধ্যে। গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের বেলায় নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিসদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org তখন পাশপোর্ট মাপের ফটো, আধার কার্ড, ব্যাঙ্ক ডিটেলস, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ইত্যাদি স্ক্যান করে নেবেন।

## পলিথিন টিউবে ভরা কোল্ড ড্রিঙ্কস তৈরি

**ব্যবসা**

নিজস্ব প্রতিনিধি : কম পুঁজিতে লাভজনক কোনো ব্যবসা বেছে নিতে চাইলে পলিথিন টিউবে ভরা কোল্ড ড্রিঙ্কস তৈরি করতে পারেন। কোল্ড ড্রিঙ্কস এখন আর শুধুমাত্র বোতলেই বিক্রি হয় না, অ্যালুমিনিয়াম ফয়েল প্যাকেটেও কোল্ড ড্রিঙ্কস বিক্রি হচ্ছে। কিন্তু অ্যালুমিনিয়াম ফয়েল প্যাকেট তৈরি করতে অনেক বেশি টাকা পুঁজি লাগে। তাই কম পুঁজিতে এই ব্যবসা করতে হলে পলিথিন টিউবে ভরে বিক্রি করতে পারেন।

**কীভাবে তৈরি করবেন :** অরেঞ্জ বা লেমনেড যে কোল্ড ড্রিঙ্কসই তৈরি করুন না কেন, প্রথমে করতে হবে প্লেন সিরাপ। এই প্লেন সিরাপ তৈরি করতে লাগবে চিনি, সাইট্রিক অ্যাসিড, সোডিয়াম বেঞ্জোনেট ও নুন। প্রথমে আড়াই লিটার জলে ৪ কেজি চিনি মিশিয়ে ফোটান। জল যখন ফুটবে তখন রস তৈরির মতো হাতা দিয়ে নাড়ান। তবে রসের মতো একেবারে চিটচিটে করে জল মাড়বেন না। চিনি ভালো ভাবে জলেমিশে গেলে তাকে নামিয়ে ছেঁকে ঠান্ডা হতে দিন। এবার আলাদা একটি পাত্রে ১০০ গ্রাম জলে ৬০ গ্রাম সাইট্রিক অ্যাসিড ঢেলে নেড়ে নিন। অন্য একটি পাত্রে ১০০ মিলিলিটার জলে ১০ গ্রাম সোডিয়াম বেঞ্জোনেট মিশিয়ে রাখুন। এই দু'টি মিশ্রণই এরপর এক করে চিনির সরবতে ঢালুন। এরপর মিশ্রণটিকে ভালোভাবে নেড়ে নিন। এরপর এই মিশ্রণে ৫ গ্রাম নুন মিশিয়ে নিন। এই হল প্লেন সিরাপ। অরেঞ্জ করতে হলে ৫ লিটার এই প্লেন সিরাপে মেশাবেন ২০ মিলিলিটার এসেন্স (অরেঞ্জ এস ৬১৮), ১৫ মিলিলিটার এসেন্স অরেঞ্জ ক্রাশ, ১০ ফোঁটা অরেঞ্জের তেল, ১০ মিলিলিটার নারদা মিস্ট ও ১ ২গ্রাম (কমলালেবু রঙের জন্য) অরেঞ্জ পাউডার কালার। লেমনেড করতে হলে ৫ লিটার প্লেন সিরাপের সঙ্গে ২০ মিলিলিটার এসেন্স লেমন, ১০ মিলিলিটার এসেন্স জিঞ্জার ও ১০ মিলিলিটার নারদা মিস্ট অরেঞ্জ ও লেমনেড তৈরির সময় যে পাউডার রঙ মেশাবেন, তা সিরাপে মেশানোর আগে উষ্ণ জলে আলাদাভাবে গুলে নেবেন।

এরপর এই মিশ্রণ একটি বড় কৌটোয় ভরে নেবেন। কৌটোর তলায় ছিদ্র করে একটি রবারের ছোটো পাইপ লাগিয়ে আগেই সিল করে রাখবেন। কৌটোয় মিশ্রণ ঢালার পরই পাইপটি পরপর সাজানো নির্দিষ্ট মাপের পলিথিন টিউবে ঢুকিয়ে টিউবগুলি ভরে নিন। এরপর টিউবগুলি পলিথিন সিলিং মেশিনে নিয়ে সিল করে নেবেন।

পলিথিনের টিউব এনে পলিথিন কাটিং অ্যান্ড সিলিং মেশিনে প্রথমে নির্দিষ্ট মাপে কেটে একমুখ সিল করে নিন। ভরা টিউবগুলি পরপর সাজিয়ে রাখার জন্য পলিথিনের টিউবের মাপে কাঠের ক্রেট কোনো কার্পেন্টার দোকান থেকে করিয়ে নিতে পারেন। এই ক্রেট করে নিতে পারলে উৎপাদন আরো বেশি হবে। তাছাড়া এতে অপচয় হওয়ার সম্ভাবনাও কম। টিউবে কোল্ড ড্রিঙ্কস ভরে সিল করার পর তা কোনো রেফ্রিজারেটরে ঢুকিয়ে রেখে দিন। জমে গেলে থার্মোকলের বাক্সে বরফ দিয়ে রেখে দোকানে পাঠিয়ে দিন।

**যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম :** কোল্ড ড্রিঙ্কসের এই ব্যবসা করতে মেশিন লাগবে একটি হাতে চালানো পলিথিন টিউব কাটিং অ্যান্ড সিলিং মেশিন। তাছাড়া কোল্ড ড্রিঙ্কস টিউবে ভরার জন্য পাইপ সমেত কৌটো ও টিউব পরপর সাজানোর জন্য কাঠের ক্রেট তৈরি করে নিতে হবে।

**কাঁচামাল :** কোল্ড ড্রিঙ্কস-এর ব্যবসা যেহেতু ভোগ্যপণ্যের ব্যবসা, তাই কাঁচামাল স্টক না করে প্রতি মাসে কিনে উৎপাদিত কোল্ড ড্রিঙ্কস নগদে বিক্রি করবেন। ধারে দিলেও দেখবেন, তা যেন ১৫ দিনের বেশি না হয়ে যায়। ব্যাঙ্কও এইসব ব্যবসায় ঋণ দেওয়ার সময় এক মাসের চলতি মূলধনের বেশি ঋণ দেবেন না। কাঁচামাল বলতে লাগবে : (১) এসেন্স কেমিক্যালস ও চিনি, (২) পলিথিন টিউব।

**কোথায় কী পাবেন :** পলিথিন টিউব কাটিং অ্যান্ড সিলিং মেশিন পাবেন এই দুই ঠিকানায় : (১) ইন্ডিয়ান গ্লাস এজেন্সি, ৬৬, এজরা স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১, (২) সি আর জে ইলেক্ট্রনিক্স, ৬৫, প্রিন্স আনোয়ার শাহ রোড, কলকাতা-৭০০ ০৩৩। এসেন্স, ফুডকুলার, সাইট্রিক অ্যাসিড ইত্যাদি পাবেন এই দুই ঠিকানায় : (১) এসেন্স অ্যান্ড বটল সাপ্লাই (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড, ১৪ রাধাবাজার স্ট্রিট, কলকাতা-১। (২) দত্ত সিনহা অ্যান্ড কোম্পানি, ৬৭ এজরা স্ট্রিট, কলকাতা-১। পলিথিন টিউব পাবেন বাগড়ি মার্কেট ও ক্যানিং স্ট্রিটের বিভিন্ন দোকানে।

# সবচেয়ে কম কোর্স ফী'তে সবচেয়ে বেশি মাইনের চাকরি দিয়ে নজির গড়ল BNG হোটেল ম্যানেজমেন্ট

তারকনাথ দাস, কলকাতা : কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে।" আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন একটি প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়। কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানালেন যে, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেনটেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9674062259 / 9830796307 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

**এখান থেকে কোর্স পাশ করে চাকরি পাবেই। গড় মাইনে মাসে ১৭,০০০ টাকা**

## ৪৫ ভলান্টিয়ার্স

১ পাতার পর

ট্রেনিং করে থাকতে হবে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ৫ ফুট ৬ ইঞ্চি, ওজন অন্তত ৫৭-৭০ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৩২ ইঞ্চি ও ফুলিয়ে ৩৪ ইঞ্চি। আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ৪ ফুট ১১ ইঞ্চি, ওজন অন্তত ৪৫ থেকে ৬০ কেজি। শূন্যপদ : ছেলেদের জন্য ৩০টি ও মেয়েদের জন্য ১৫টি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ২ মিনিটে ৩০০ মিটার দৌড়, ১০ মিনিটে ৩০০ মিটার সাঁতার কাটা, ১৫ মিনিট জলে ভেসে থাকতে হবে, ৩ মিনিট জলে ভেসে থাকতে হবে কোনো সাহায্য ছাড়াই, ৬ মিটার ডুব দিতে হবে, জলের মধ্যে কোনো বস্তু নিয়ে ২০ মিটার যেতে হবে, ২০ বার পুস আপ দিতে হবে। মেয়েদের বেলায় ৩ মিনিটে ৩০০ মিটার দৌড়, ১২ মিনিটে ৩০০ মিটার সাঁতার কাটা, ১৫ মিনিট জলে ভেসে থাকতে হবে, ২ মিনিট জলে ভেসে থাকতে হবে কোনো সাহায্য ছাড়াই, ৪ মিটার ডুব দিতে হবে, জলের মধ্যে কোনো বস্তু নিয়ে ১৫ মিটার যেতে হবে, ১০ বার পুস আপ দিতে হবে। সফল হলে ৫০ নম্বরের লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় এম.সি.কিউ. টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ ২৫, এলিমেন্টারি ম্যাথমেটিক্স ১৫, রিজনিং অ্যান্ড লজিক্যাল অ্যানালিসিস ১০। এই পদের মেমো নং : 47/DMS, Date: 23.07.2026. দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম কাঁথি এস.ডি.ও. অফিস থেকে পাবেন। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৪ আগস্ট।

# প্রেস্টিজ অফ বেঙ্গল অ্যাওয়ার্ড ২০২৬

নিজস্ব প্রতিনিধি : সমাজ, শিক্ষা, সংস্কৃতি, শিল্প, সাহিত্য, ব্যবসা, স্বাস্থ্য, ক্রীড়া, সামাজিক সেবা, উদ্যোক্তা-সহ ২০টিরও বেশি বিভাগে কৃতীদের সম্মানিত করা হবে প্রেস্টিজ অফ বেঙ্গল অ্যাওয়ার্ড ২০২৬ অনুষ্ঠানে। বাংলার গর্ব, বাংলার কৃতীদের সর্বোচ্চ সম্মান।

এই অনুষ্ঠান হবে ৩০ আগস্ট, কলকাতার পার্ক প্রাইম হোটেলে। অনুষ্ঠান শুরু বিকেল ৩টে থেকে।

অনুষ্ঠানে থাকবেন টলিউডের অভিনেত্রী পায়েল সরকার-সহ একাধিক সেলিব্রিটি শিল্পী ও স্পেশাল গেস্ট, যাঁদের হাত থেকে নির্বাচিত অ্যাওয়ার্ডিদের হাতে তুলে দেওয়া হবে প্রেস্টিজ অফ বেঙ্গল অ্যাওয়ার্ড ২০২৬। এই ইভেন্টের বিশেষত্ব : সেলিব্রিটি অতিথিদের হাত থেকে সম্মাননা নেওয়া, মিডিয়া কভারেজ, রেড কার্পেট সম্মাননা অনুষ্ঠান, বিজনেস লিডার ও উদ্যোগীদের সঙ্গে নেটওয়ার্কিং, প্রিমিয়াম স্টেজ রিকগনিশন, লাক্সারি ট্রফি ও উৎকর্ষতার সার্টিফিকেট। উপস্থাপনায় 'দি হাইলাইটার'। স্পন্সর্ড 'গ্রেটশিপ ম্যানেজমেন্ট'। আপনি বা আপনার পরিচিত কোনো যোগ্য লোক যদি তাঁর কাজের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখে থাকেন, তাহলে এখনি নমিনেশন করুন আর বাংলার অন্যতম মর্যাদাপূর্ণ সম্মাননায় অংশ হোন। মনোনয়নের জন্য যোগাযোগ : 6290080508.

## হেল্‌থ সেক্টরে প্রচুর শূন্যপদ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত ও UGC Approved MCG College of Health Science-এ এইসব কোর্সে ভর্তি শুরু হয়েছে : ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাব টেকনোলজি (DMLT), ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনোলজি (DMRT), ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT), ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগস (CMS & ED), ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি (DPT)। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য যোগ্য। সীট সীমিত। বিশেষ সুবিধা : (১) অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ, (২) আধুনিক ক্লাসরুম ব্যবস্থা, (৩) Computer & Spoken English Classes, (৪) Hand-to-Hand Practical Training, (৫) সরকারি হাসপাতালে ইন্টার্ণশিপের সুযোগ, (৬) কোর্স শেষে প্লেসমেন্টে সহায়তা। এছাড়া ক্রেডিট কার্ড ও স্কলারশিপের সুবিধা আছে। যোগাযোগ : MCG College of Health Science, F-30, Near Kalyani Main Station (Near Platform No. 3), Kalyani, Nadia – 741235. Phone : (033) 40838089, 9088888123.

## মার্চের মধ্যেই ৫০ হাজার শিক্ষক

১ পাতার পর

জানান, ২০১৬ সালের নিয়োগ দুর্নীতি নিয়ে সুপ্রিম কোর্টের রায়ে ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী প্রার্থীর চাকরি চলে যায়। নতুন করে পরীক্ষা নিয়ে নিয়োগ প্রক্রিয়া চলছে। সুপ্রিম কোর্ট প্রথমে সময়সীমা বেঁধে দিয়েছিল ৩১ ডিসেম্বরের মধ্যে নিয়োগের কাজ শেষ করতে হবে। কিন্তু পরে তা বাড়িয়ে ৩১ আগস্ট করা হয়েছে। একাদশ - দ্বাদশের কাউন্সেলিং শেষ হলেও এখনো নবম-দশমের ইন্টারভিউ শুরু হয়নি। তাই ৩১ আগস্টের মধ্যে নিয়োগের কাজ শেষ না হলে সুপ্রিম কোর্টের কাছে সময়সীমা বাড়ানোর আবেদন জানানো হবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, সুপ্রিম কোর্টের রায়ে যাঁদের চাকরি চলে গেছে, তাঁদের নিয়োগ আগে করা হবে। তারপর নতুন ৩৮ হাজার পদে নিয়োগের কাজ শুরু হবে। এই নিয়োগের মধ্যে প্রাথমিক শিক্ষক, উচ্চপ্রাথমিক শিক্ষক, নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক, অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষাকর্মী আছেন। প্রাথমিক শিক্ষা পর্ষদের মাধ্যমে প্রাথমিক শিক্ষক পদে নিয়োগ হবে। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে উচ্চপ্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, প্রধান শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ হবে। কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট লেকচারার পদে নিয়োগ করা হবে। অন্যদিকে, পি.এস.সি.'র মাধ্যমে সরকারি স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। শিক্ষামন্ত্রী জানান, ক্লার্ক ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল প্রস্তুত হয়ে গেছে। যে কোনো সময়েই ফল বেরোতে পারে। তবে প্রথমে শিক্ষক-শিক্ষিকার পদ পূরণ করা হবে। তারপর শিক্ষাকর্মীর নিয়োগের কাজ শুরু হবে। তাই শিগগিরই ক্লার্ক ও গ্রুপ-ডি'র ফল বেরোনোর সম্ভাবনা আছে।

# BAR Council of India স্বীকৃত Law কলেজ থেকে LL.B (3 yrs. / 5 yrs.) কোর্সে Law পাশ করে আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে**

বিশেষ প্রতিবেদন : আইন পেশা হল এমন একটি পেশা যার মাধ্যমে আপনি সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলতে পারেন, কারণ প্রতিনিয়ত এই পেশার প্রয়োজনীয়তা সমাজের প্রত্যেক শ্রেণির নাগরিকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দরকার হচ্ছে। ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্টার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি বেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্তকাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্তকাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্তকাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে।

মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে

# ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্সে ভরতি শুরু

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি ও পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতি শুরু হয়েছে। ডিগ্রি কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : বাংলা, ইংরিজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, অঙ্ক, কেমিস্ট্রি, জুলজি, বটানি, ভূগোল, এডুকেশন ও কমার্স (বি.কম.)। উচ্চমাধ্যমিক বা, ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : এম.এসসি. কোর্স : অঙ্ক, জুলজি, ভূগোল, এনভায়রনমেন্টাল সায়েন্স। এম.এ. কোর্স : বাংলা, ইংরিজি, ইংলিশ ল্যাঙ্গোয়েজ টিচিং, জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন, এডুকেশন, ইকনমিক্স। এছাড়াও এম.কম., লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের মাস্টার ডিগ্রি আর লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ডিগ্রি কোর্স পড়ানো হবে। সংশ্লিষ্ট বিষয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন।

দরখাস্ত করবেন অনলাইনে। ডিগ্রি কোর্সের বেলায় দরখাস্ত করবেন ৩১ আগস্টের মধ্যে। ডকুমেন্টস আপলোড করতে পারবেন ১ সেপ্টেম্বর পর্যন্ত। ফী জমা দিতে পারবেন ৩ সেপ্টেম্বর পর্যন্ত। ভরতি সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ug.wbnsouadmissions.com

পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের বেলায় দরখাস্ত করবেন ১৭ আগস্টের মধ্যে। ডকুমেন্টস আপলোড করবেন ১৮ আগস্ট পর্যন্ত। অনলাইনে ফী জমা দিতে পারবেন ১৯ আগস্ট পর্যন্ত। ভরতি সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pg.wbnsouadmissions.com


ভর্তি চলিতেছে

**B.Ed. / D.Ed.**

২০২৬-২৭ শিক্ষাবর্ষে B.Ed. Spl. Education এবং D.Ed. Spl. Education কোর্সে ভর্তি চলিতেছে। ভর্তির শেষ তারিখ 9 আগস্ট 2026। পাশ করার পর SSC সহ প্রাইমারী টেট ও সেন্ট্রাল টেট এর পরীক্ষাতে বসা গ্রহণযোগ্য। স্পেশাল এডুকেটর হিসাবেও সরকারী স্কুলে আবেদন করতে পারবে।

**আসন সংখ্যা সীমিত**

যোগাযোগ করুন :
দেবেন্দ্রনাথ মণ্ডল টীচার্স ট্রেনিং কলেজ
চণ্ডীপুর, কুন্দরালী, বারুইপুর, পিন-৭৪৩৬১০
8777752221 / 8961767668
বিঃদ্রঃ স্কলারশিপ ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা আছে




## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# পঞ্চায়েতের বিভিন্ন পদে ১১ হাজারের বেশি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোনো শুধু সময়ের অপেক্ষা

*সম্প্রতি রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী বিধানসভায় ঘোষণা করেন, এবছরই পঞ্চায়েত দফতরে ১১ হাজার কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে। এতদিন পঞ্চায়েত আইনের মাধ্যমে জেলা স্তর থেকে এই নিয়োগ হত। কিন্তু এবার সেই নিয়োগ হবে স্বশাসিত সংস্থা পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে। যেকোনো সময় এই বিজ্ঞপ্তি বেরোবে। তাই এখন আর সময় নষ্ট না করে প্রস্তুতি নিতে হবে জোরকদমে। আর এই অল্প সময়ের মধ্যে এই পরীক্ষায় সফল হয়ে সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন কীভাবে সফল করবেন তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

পশ্চিমবঙ্গের ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় প্রায় ১১,০০০ শূন্যপদে সরাসরি কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে। স্বচ্ছতা আনতে এবার জেলা স্তরের বদলে পাবলিক সার্ভিস কমিশন (PSC)-এর মাধ্যমে এই নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা চলতি বছরের ডিসেম্বরের মধ্যে শুরু হতে পারে।

পশ্চিমবঙ্গের ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা হল গ্রামোন্নয়ন ও স্থানীয় স্বশাসনের একটি ৩ ধাপের কাঠামো, যার স্তরগুলি হল গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ। ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনের অধীনে গড়া এই ব্যবস্থাটি ১৯৭৮ সালের জুন মাসে প্রথম নির্বাচনের মাধ্যমে চালু হয়।

**ত্রিস্তর ব্যবস্থার ৩টি স্তর:**

**গ্রাম পঞ্চায়েত (নিম্নস্তর) :** গ্রাম স্তরে গড়া এই কমিটিতে এলাকার ভোটারদের মাধ্যমে নির্বাচিত প্রতিনিধিরা থাকেন। এর প্রধানকে প্রধান বলা হয়। এটি গ্রামের রাস্তাঘাট তৈরি, পানীয় জল সরবরাহ ও প্রাথমিক স্বাস্থ্যসেবার মতো কাজ দেখাশোনা করে।

**পঞ্চায়েত সমিতি (মধ্যম স্তর):** ব্লক স্তরে একাধিক গ্রাম পঞ্চায়েত নিয়ে এই সমিতি গড়া হয়। এর প্রধান সভাপতি নামে পরিচিত। এটি গ্রাম পঞ্চায়েতগুলির কাজের মধ্যে সমন্বয় রাখে ও ব্লকের উন্নয়ন প্রকল্পগুলি চালায়।

**জেলা পরিষদ (শীর্ষ স্তর):** জেলা স্তরে গড়া এই সর্বোচ্চ সংস্থাটি জেলার সমস্ত পঞ্চায়েত সমিতিকে সাহায্য ও নিয়ন্ত্রণ করে। এর প্রধানকে সভাধিপতি বলা হয়। এটি পুরো জেলার গ্রামীণ উন্নয়নের পরিকল্পনা ও তহবিল বণ্টন করে।

এই ত্রিস্তরীয় ব্যবস্থার উদ্দেশ্য, ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটিয়ে গ্রামের সাধারণ মানুষকে সরাসরি উন্নয়নের সঙ্গে যুক্ত করা। গ্রামীণ এলাকায় কর্মসংস্থান, শিক্ষা, কৃষি ও দারিদ্র্য দূরীকরণের প্রকল্প রূপায়ণ করা।

শূন্যপদ - গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে বিভিন্ন পদে নিয়োগ হবে।

পরীক্ষার মাধ্যমে নির্বাচিত প্রশাসনিক পদগুলির মধ্যে প্রধান পদ হল নির্বাহী সহায়ক (Executive Assistant), পঞ্চায়েত সচিব (Panchayat Secretary) ও নির্মাণ সহায়ক (Nirman Sahayak)। এই পদগুলি যথাক্রমে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্তরে গ্রামীণ উন্নয়ন ও সরকারি প্রকল্প রূপায়ণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ্রাম পঞ্চায়েত স্তর (Gram Panchayat Level)**

**নির্বাহী সহায়ক (Executive Assistant) :** পঞ্চায়েতের প্রশাসনিক ও আর্থিক কাজের মূল চালিকাশক্তি। প্রধানের নির্দেশমতো উন্নয়নমূলক প্রকল্পের প্রস্তাব তৈরি ও তহবিল পরিচালনা করা। বিভিন্ন সরকারি স্কিমের নথিপত্র ও কাজের তদারকি করা।

**পঞ্চায়েত সচিব (Panchayat Secretary) :** গ্রাম পঞ্চায়েত অফিসের দৈনন্দিন দফতরের কাজ পরিচালনা করা। সভার কার্যবিবরণী (Minutes) লেখা ও রেকর্ড সংরক্ষণ করা। কর ও ফি আদায়ের হিসাব রাখা।

**নির্মাণ সহায়ক (Nirman Sahayak) :** গ্রামীণ রাস্তাঘাট, পাকা নর্দমা ও ভবন নির্মাণের কারিগরি দিক দেখাশোনা করা। প্রকল্পের অনুমান (Estimation) ও কাজের মান যাচাই করা।

**সহায়ক ও অন্যান্য পদ (Sahayak / Clerk-cum-Typist / Karmee) :** সাধারণ করণিক কাজ, বিল তৈরি ও চিঠিপত্র আদান-প্রদান। অফিসের রেজিস্টার মেইনটেইন করা ও সাধারণ জনসেবায় সাহায্য করা।

**ব্লক ও জেলা স্তর (Panchayat Samiti & Zilla Parishad Level)**

আকাউন্টস ক্লার্ক ও লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (Accounts Clerk / LDA) : ব্লক বা জেলা পরিষদের আর্থিক ও হিসাবরক্ষণ সংক্রান্ত কাজ করা। বিল পাস করানো ও অডিট বা হিসাব পরীক্ষার নথি প্রস্তুত রাখা।

**ব্লক ইনফরমেশন অফিসার/ডাটা এন্ট্রিঅপারেটর (BIO / DEO) :** ডিজিটাল ইন্ডিয়ার অংশ হিসেবে ব্লকের আইটি ও কম্পিউটার পরিকাঠামো সামলানো। অনলাইনে বিভিন্ন সরকারি প্রকল্পের রিপোর্ট পাঠানো ও পোর্টাল আপডেট রাখা।

**শিক্ষাগত যোগ্যতা –** পদভেদে অষ্টম শ্রেণি পাস থেকে শুরু করে স্নাতক পর্যন্ত ধার্য করা হয়েছে।

**পরীক্ষার প্রস্তুতি**

**সিলেবাসের মূল স্তম্ভ :** সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স, পশ্চিমবঙ্গভিত্তিক ইতিহাস-ভূগোল ও সরকারি প্রকল্প, পাটিগণিত, ইংরিজি ও রিজিনিং বা মানসিক দক্ষতা।

**বিষয়ভিত্তিক প্রস্তুতি ও পড়ার কৌশল:**

বাংলা ভাষা : ব্যাকরণ (সমার্থক-বিপরীতার্থক শব্দ, বাগধারা, প্রবাদ, এককথায় প্রকাশ) ও বানান শুদ্ধির ওপর জোর দিন। নিয়মিত স্কুল স্তরের ব্যাকরণ বই থেকে অনুশীলন করুন।

ইংরিজি ভাষা : বেসিক গ্রামার ও সঠিক ব্যবহার শেখার জন্য আর্টিকেল, প্রিপোজিশন, টেন্স, সিনোনিম-অ্যান্টোনিম ও ভয়েস চেঞ্জ নিয়মিত চর্চা করুন।

পাটিগণিত (অঙ্ক): অষ্টম থেকে দশম শ্রেণির লেভেলের অঙ্ক যেমন শতকরা, লাভ-ক্ষতি, সময় ও কাজ, সরল সুদ, অনুপাত-সমানুপাত ও লসাগু-গসাগু চর্চা করুন। দ্রুত উত্তর দেওয়ার জন্য শর্টকাট পদ্ধতি শিখুন।

সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স : পশ্চিমবঙ্গের ইতিহাস, সংস্কৃতি, নদী ও ভৌগোলিক অবস্থান ও পঞ্চায়েত রাজ ব্যবস্থা (৭৩তম সংবিধান সংশোধনী ও ত্রিস্তর গঠন) সম্পর্কে বিস্তারিত জানুন। রাজ্য সরকারের গ্রামীণ সব প্রকল্প সম্পর্কে স্পষ্ট ধারণা রাখুন।

পশ্চিমবঙ্গের ত্রিস্তরীয় পঞ্চায়েত নিয়োগ পরীক্ষার সাধারণ জ্ঞান অংশে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ গ্রামীণ উন্নয়ন ও সমাজকল্যাণমূলক প্রকল্প যেমন গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প, প্রধানমন্ত্রী আবাস যোজনা ও রাজ্য সরকারের অন্নপূর্ণা যোজনা সম্পর্কে বিস্তারিত জানতে হবে।

কেন্দ্রীয় গ্রামীণ সব প্রকল্প :

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি আইন (VB-G RAM G) : গ্রামীণ পরিবারগুলির অদক্ষ শ্রমিকদের বছরে ১২৫ দিনের কাজের অধিকার ও প্রকল্প রূপায়ন।

প্রধানমন্ত্রী আবাস যোজনা - গ্রামীণ (PMAY-G) : গ্রামীণ এলাকার গরিব ও ভূমিহীন মানুষদের পাকা ঘর তৈরির আর্থিক সহায়তা প্রদান।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা (PMGSY) : অনুন্নত গ্রামীণ সব এলাকাকে পাকা সড়কের মাধ্যমে মূল শহরের সঙ্গে যুক্ত করা।

স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) : গ্রামীণ অঞ্চলে শৌচালয় নির্মাণ ও পরিচ্ছন্নতা বজায় রাখা।

পশ্চিমবঙ্গে মহিলাদের সামাজিক সুরক্ষা ও অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য অন্নপূর্ণা যোজনা চালু করা হয়েছে। এই প্রকল্পের অধীনে যোগ্য উপভোক্তারা প্রতি মাসে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৩,০০০ টাকা আর্থিক সহায়তা পেয়ে থাকেন।

নিয়মিত মক টেস্ট ও বিগত বছরের প্রশ্নপত্র অনুশীলনের মাধ্যমে এই পরীক্ষায় সহজেই সাফল্য আসতে পারে।

ব্যাঙ্ক, রেল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি., ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪৮,০৪২ চাকরি

১ পাতার পর

এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৬,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১,০০০ থেকে ১,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।'

বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist** বা **AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে অ্যাকাডেমির নাম সবচেয়ে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড অ্যাডভান্সড ট্রেনিং মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে।

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।**

(৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার টুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব টুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষণীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার টুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# শুধু মাত্র ৯ মাসের মধ্যে কীভাবে আজকে আমি ভালো মাইনের চাকরি পেলাম



আমি অদ্রিজা মুখার্জি। আজকে দাঁড়িয়ে কেউ বললে বিশ্বাস করবে না যে ঠিক ১ বছর আগে আমি পুরোপুরি বেকার ছিলাম। ২০২৪ সালে আমি গ্র্যাজুয়েট পাশ করে বসেছিলাম। নিয়মিত কর্মসংস্থান কাগজ বাড়িতে রাখতাম। একদিন ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। ভাবলাম একবার ফোন করেই দেখি। ওনারা ফোনে কাউন্সিলিং না করে, বললেন সরাসরি ইনস্টিটিউটে চলে আসতে। একদিন সাহসে ভর করে, ইনস্টিটিউটের ভবানীপুর সেন্টারে চলে গেলাম। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। ওখানকার কাউন্সিলাররা আমি আদৌ এই কোর্সের জন্য উপযুক্ত কিনা— বিভিন্নভাবে তা পরীক্ষা করলেন। তারপর ১ দিন পর আমাকে ওখান থেকে জানানো হল যে আমি যদি আগ্রহী থাকি, তাহলে ১২ মাসের ডিজিটাল মার্কেটিংয়ে ভর্তি হতে পারি। আমি সিদ্ধান্ত নিলাম— আমি ভর্তি হব। নিজের পায়ে দাঁড়াতেই হবে। আর প্রথম থেকেই, আমার একটা ঝোঁক ছিল স্রোতে গা না ভাসিয়ে, একটু অন্যভাবে কিন্তু 'স্টেডিলি' নিজের 'কেরিয়ার' শুরু করা। NIHT তে গিয়ে মনে হয়েছিল — 'আমি যা চাইছি, ঠিক সেই রকম ভাবেই কেরিয়ার শুরু হতে পারে এখান থেকে।' যাই হোক, প্রথম দিন থেকেই ওখানকার স্কিলড প্রফেশনালসরা আমাকে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড গাইড করতে থাকেন। কাউন্সিলরদের প্রতিটি উপদেশ মেনে পরামর্শ মতো আমি চলি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, Gen AI / Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। আস্তে আস্তে আমি বুঝতে পারি যে আমি পারব। পারতে আমাকে হতই। ঠিক ১ বছর পর Blue Waves Media-তে আমি চাকরি পাই। এখন আমি মাসে হ্যান্ডসাম প্যাকেজ পাই।

> এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে আমি খুব ভালো মাইনের চাকরি পেয়েছি। আমার স্বপ্ন সফল হয়েছে — নিজের পায়ে দাঁড়িয়েছি।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত বিশেষ আধিকারিক (WBCS) পম্পা শূর।

1. জম্মু ও কাশ্মীরের বিখ্যাত 'কারেওয়া' মৃত্তিকা বা উপত্যকা মূলত কোন বিশেষ ধরনের মূল্যবান চাষের জন্য ভারত তথা বিশ্বজুড়ে বিখ্যাত?
(A) আপেল (B) জ্যাফরান (C) চা (D) কাজুবাদাম

2. উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা বা 'ন্যাটো' হল একটি শক্তিশালী আন্তর্জাতিক সামরিক জোট। এই জোটের সদরদফতর কোথায় অবস্থিত?
(A) জেনেভা, সুইৎজারল্যান্ড (B) ব্রাসেলস, বেলজিয়াম (C) প্যারিস, ফ্রান্স (D) লন্ডন, যুক্তরাজ্য

3. ছোটনাগপুর মালভূমিকে 'ভারতের খনিজ ভাণ্ডার' বলা হয়। এই মালভূমির সর্বোচ্চ পাহাড় বা শৃঙ্গটির নাম কী?
(A) দলমা পাহাড় (B) পরেশনাথ পাহাড় (C) গোর্গাবুরু (D) অমরকণ্টক

4. Census 2027 প্রক্রিয়ায় নাগরিকদের সহায়তার জন্য কোন টোল-ফ্রি হেল্পলাইন চালু করেছে কেন্দ্রীয় সরকার?
(A) 1950 (B) 1800 (C) 1855 (D) 1911

5. ঝাড়খণ্ডের 'জাদুগুড়া' খনিটি ভারতের পরমাণু শক্তির ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি কোন খনিজ মৌল উত্তোলনের জন্য ভারতের প্রথম ও প্রধান খনি?
(A) থোরিয়াম (B) ইউরেনিয়াম (C) প্লুটোনিয়াম (D) লিথিয়াম

6. কম্পিউটারের পরিভাষায় ব্যবহৃত 'URL' শব্দটির পুরো নাম কী, যা কোনো ওয়েবসাইটের নির্দিষ্ট অ্যাড্রেস বা ঠিকানাকে নির্দেশ করে?
(A) Uniform Resource Locator (B) Universal Resource Line (C) Unified Registry Link (D) Unique Resource Location

7. কোনো দেশের অর্থনৈতিক সমৃদ্ধি বা উন্নয়ন পরিমাপের জন্য 'গ্রিন জিডিপি' গণনার সময় সাধারণ GDP থেকে কোন বিষয়টি বাদ দেওয়া হয়?
(A) বৈদেশিক ঋণের সুদ (B) পরিবেশগত ক্ষয়ক্ষতি ও প্রাকৃতিক সম্পদের অবক্ষয় (C) মুদ্রাস্ফীতির হার (D) সরকারি ভরতুকির পরিমাণ

8. রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য দেশের সংখ্যা 5টি। নীচের কোন দেশটি এই স্থায়ী সদস্য বা ভেটো ক্ষমতার অধিকারী দেশগুলির অন্তর্ভুক্ত নয়?
(A) চিন (B) জাপান (C) ফ্রান্স (D) যুক্তরাজ্য

9. বিশ্ববিখ্যাত দাবাড়ু বিশ্বনাথন আনন্দ 1991-'92 সালে ভারতের সর্বোচ্চ ক্রীড়া সম্মান 'খেলরত্ন পুরস্কার' পাওয়া প্রথম খেলোয়াড় ছিলেন। এই পুরস্কারটির নাম বদল করে কী রাখা হয়েছে?
(A) অর্জুন খেলরত্ন পুরস্কার (B) মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার (C) রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার (D) দ্রোণাচার্য খেলরত্ন পুরস্কার

10. রাষ্ট্রপুঞ্জের মানব উন্নয়ন সূচক বা 'এইচডিআই' বিশ্বজুড়ে বিভিন্ন দেশের জীবনযাত্রার মান পরিমাপ করে। 1990 সালে কোন অর্থনীতিবিদ প্রথম এই বিখ্যাত সূচকটি তৈরি করেছিলেন?
(A) অমর্ত্য সেন (B) মাহবুব উল হক (C) অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় (D) অ্যাডাম স্মিথ

11. সম্প্রতি প্রয়াত এস.জানকী কে ছিলেন?
(A) অভিনেত্রী (B) রাজনীতিবিদ (C) সঙ্গীতশিল্পী (D) লেখিকা

12. 'রাইডার কাপ' ট্রফিটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) পোলো (B) গলফ (C) ফর্মুলা ওয়ান রেসিং (D) নৌকা বাইচ

13. অলকানন্দা ও ভাগীরথী নদীর পবিত্র মিলনস্থলটি ভারতের কোন বিখ্যাত প্রয়াগে অবস্থিত, যেখান থেকে নদীটি যৌথভাবে 'গঙ্গা' নামে প্রবাহিত হয়েছে?
(A) রুদ্রপ্রয়াগ (B) দেবপ্রয়াগ (C) কর্ণপ্রয়াগ (D) বিষ্ণুপ্রয়াগ

14. ভারতের উর্বর পলি মাটি অঞ্চলের প্রাচীন পলি দিয়ে গঠিত অপেক্ষাকৃত উঁচু ও অনুর্বর ভূমিভাগকে কী বলা হয়, যেখানে প্রায়শই কাঁকর বা ক্যালকেরিয়াস নোডিউলস দেখা যায়?
(A) খাদার (B) ভাঙ্গর (C) ভাবর (D) তরাই

15. সুপ্রিম কোর্টের কোন ঐতিহাসিক মামলার রায়ে প্রথমবার ঘোষণা করা হয়েছিল যে, সংসদের সংবিধান সংশোধন করার ক্ষমতা (Article 368) অত্যন্ত ব্যাপক হলেও তা কোনোভাবেই সংবিধানের মৌলিক কাঠামো বা 'মৌলিক অধিকারের মূল নির্যাস' কেড়ে নিতে পারে না?
(A) শঙ্করী প্রসাদ বনাম ভারত ইউনিয়ন (1951) (B) সজ্জন সিং বনাম রাজস্থান রাজ্য (1965) (C) গোলকনাথ বনাম পঞ্জাব রাজ্য (1967) (D) কেশবানন্দ ভারতী বনাম কেরালা রাজ্য (1973)

16. ভারতের উপরাষ্ট্রপতি সংক্রান্ত নীচের কোন তথ্যটি সাংবিধানিক দিক থেকে সঠিক?
(A) উপরাষ্ট্রপতির নির্বাচনে রাজ্যের বিধানসভার নির্বাচিত বিধায়করা ভোট দেন (B) উপরাষ্ট্রপতিকে পদ থেকে সরানোর জন্য ইমপিচমেন্ট সংক্রান্ত এক বিশেষ প্রস্তাব সংসদের যেকোনো কক্ষে প্রথম উত্থাপন করা যায় (C) উপরাষ্ট্রপতির অপসারণ প্রস্তাবটি রাজ্যসভায় তৎকালীন সব সদস্যের কার্যকর সংখ্যাগরিষ্ঠতায় পাস হতে হবে ও লোকসভায় সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় অনুমোদিত হতে হবে (D) উপরাষ্ট্রপতি পদত্যাগ করতে চাইলে তাঁর পদত্যাগপত্র লোকসভার স্পিকারের কাছে জমা দিতে হয়

17. ভারতের রাষ্ট্রপতি নীচের কোন বিলটির ক্ষেত্রে তাঁর 'পকেট ভেটো' ক্ষমতা প্রয়োগ করতে পারেন না?
(A) সাধারণ বিল (B) অর্থ বিল (C) সংবিধান সংশোধনী বিল (D) ওপরের সবক'টি বিলেরই ক্ষেত্রে পকেট ভেটো দেওয়া যায়

18. অনুচ্ছেদ 356 অনুযায়ী রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারির ক্ষেত্রে রাষ্ট্রপতির 'সন্তুষ্টি' বা Satisfaction-টি যে বস্তুনিষ্ঠ তথ্যের ওপর ভিত্তি করে হতে হবে ও তা জুডিশিয়াল রিভিউয়ের আওতাধীন— এটি সুপ্রিম কোর্ট কোন মামলায় প্রথম স্পষ্ট করে?
(A) মিনার্ভা মিলস মামলা (1980) (B) এস. আর. বোমাই মামলা (1994) (C) কেশবানন্দ ভারতী মামলা (1973) (D) মানেকা গান্ধী মামলা (1978)

19. দিল্লির কোন সুলতান বিখ্যাত 'চল্লিশা চক্র' বা 'তুর্কান-ই-চিহালগানী' গঠন করেছিলেন?
(A) কুতুব-উদ-দ্বীন আইবক (B) ইলতুৎমিস (C) গিয়াস-উদ-দ্বীন বলবন (D) আলা-উদ-দ্বীন খলজি

20. মুঘল আমলে প্রচলিত 'হুণ্ডি' আসলে কী ছিল?
(A) একধরনের বিলাসবহুল রেশমি পোশাক (B) কৃষকদের দেওয়া এক বিশেষ ধরনের ঋণ (C) বিনিময় পত্র বা ক্রেডিট নোট (D) রাজকীয় ডিক্রি বা আদেশনামা

21. নীচের কোন নদীটি ভারতের একটি পশ্চিমবাহিনী নদী হওয়া সত্ত্বেও কোনো ব-দ্বীপ তৈরি করে না, বরং খাড়ি বা মোহনা তৈরি করে?
(A) মহানদী (B) নর্মদা (C) গোদাবরী (D) কৃষ্ণা

22. ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ 280 অনুযায়ী গঠিত অর্থ কমিশন বা ফিনান্স কমিশনের মূল দায়িত্ব কী?
(A) কেন্দ্রীয় বাজেট তৈরি করা ও তা সংসদে পাস করানো (B) কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে করের নিট আয়ের বণ্টন (C) আরবিআই-এর আর্থিক নীতি পর্যালোচনা করা (D) বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের লোন মকুবের সিদ্ধান্ত নেওয়া

23. শেয়ার বাজারে বিনিয়োগের ক্ষেত্রে অত্যন্ত আলোচিত শব্দ 'পার্টিসিপেটরি নোটস' আসলে কী?
(A) সেবি'র মাধ্যমে ভারতীয় ক্ষুদ্র বিনিয়োগকারীদের দেওয়া এক বিশেষ শংসাপত্র (B) রিজার্ভ ব্যাঙ্কের মাধ্যমে বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে দেওয়া একধরনের ঋণপত্র (C) কোনো বিদেশি বিনিয়োগকারী সেবি-র কাছে সরাসরি নথিভুক্ত না হয়েও ভারতীয় শেয়ার বাজারে বিনিয়োগ করার জন্য যে অফশোর ডেরিভেটিভ ইনস্ট্রুমেন্ট ব্যবহার করেন (D) শুধুমাত্র সরকারি কর্মচারীদের জন্য তৈরি এক বিশেষ মিউচুয়াল ফান্ড

24. ওজোন স্তরের সুরক্ষার জন্য বিখ্যাত 'মন্ট্রিল প্রোটোকল' স্বাক্ষরিত হয়েছিল। কিন্তু ওজোন স্তর রক্ষার মূল আন্তর্জাতিক কাঠামো হিসাবে কোন চুক্তি বা কনভেনশনটিকে গণ্য করা হয়, যার অধীনে এই প্রোটোকলটি আনা হয়েছিল?
(A) কিয়োটো প্রোটোকল (B) ভিয়েনা কনভেনশন (C) বাসেল কনভেনশন (D) রামসার কনভেনশন

25. ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহ 'আর্যভট্ট' (1975) কোন দেশের উৎক্ষেপণ কেন্দ্র থেকে মহাকাশে পাঠানো হয়েছিল?
(A) সোভিয়েত ইউনিয়ন (B) মার্কিন যুক্তরাষ্ট্র (C) ফ্রান্স (D) ভারত (শ্রীহরিকোটা)

26. ভারত সরকারের মাধ্যমে 2004 সালে প্রথম কোন ভাষাকে ভারতের 'ধ্রুপদী ভাষা' হিসাবে আনুষ্ঠানিক মর্যাদা দেওয়া হয়েছিল?
(A) সংস্কৃত (B) তামিল (C) কন্নড় (D) ওড়িয়া

27. 1853 সালের 16 এপ্রিল ভারতের মাটিতে প্রথম যে যাত্রীবাহী ট্রেনটি বোম্বে থেকে থানে (34 কিলোমিটার) চলেছিল, সেটিকে টানার জন্য মোট কয়টি বাষ্পীয় ইঞ্জিন ব্যবহার করা হয়েছিল?
(A) ১টি (B) ২টি (C) ৩টি (D) ৪টি

28. মৌলিক অধিকারের অন্তর্গত কোন অনুচ্ছেদটি স্পষ্ট করে যে, কোনো নির্দিষ্ট ধর্মের প্রচার বা রক্ষণাবেক্ষণের জন্য নাগরিকদের কোনো কর বা ট্যাক্স দিতে বাধ্য করা যাবে না?
(A) অনুচ্ছেদ 25 (B) অনুচ্ছেদ 26 (C) অনুচ্ছেদ 27 (D) অনুচ্ছেদ 28

29. সংবিধানের অনুচ্ছেদ 108 অনুযায়ী সংসদের যৌথ অধিবেশন ডাকার ক্ষমতা কার রয়েছে ও কোন বিলের ক্ষেত্রে এই যৌথ অধিবেশন কোনোভাবেই ডাকা যায় না?
(A) উপরাষ্ট্রপতি; সাধারণ বিল (B) প্রধানমন্ত্রী; অর্থ বিল (C) রাষ্ট্রপতি; অর্থ বিল ও সংবিধান সংশোধনী বিল (D) লোকসভার স্পিকার; সংবিধান সংশোধনী বিল

30. লোকসভা বা বিধানসভার কোনো নির্বাচিত সদস্য স্বেচ্ছায় তাঁর রাজনৈতিক দলের সদস্যপদ ত্যাগ করলে দশম তফসিল অনুযায়ী তাঁর পদ খারিজ হয়। কিন্তু কোনো মনোনীত সদস্য শপথ নেওয়ার কতদিন পর কোনো রাজনৈতিক দলে যোগ দিলে তাঁর সদস্যপদ খারিজ হয়ে যাবে?
(A) 3 মাস (B) 6 মাস (C) অবিলম্বে বা যেকোনো সময় (D) 1 বছর

31. 1916 সালের ঐতিহাসিক লখনউ অধিবেশনে কংগ্রেসের চরমপন্থী ও নরমপন্থী গোষ্ঠীর পুনর্মিলন ঘটেছিল। কিন্তু এই দুই গোষ্ঠীকে আবার এক ছাতার তলায় আনার পিছনে প্রধান অনুঘটক বা মূল ভূমিকা কার ছিল?
(A) বাল গঙ্গাধর তিলক ও মহাত্মা গান্ধী (B) অ্যানি বেসান্ত ও বাল গঙ্গাধর তিলক (C) গোপাল কৃষ্ণ গোখলে ও মহম্মদ আলী জিন্নাহ (D) অম্বিকা চরণ মজুমদার

32. মহাত্মা গান্ধী ভারতে তাঁর রাজনৈতিক জীবনে প্রথম 'আমরণ অনশন'এর অস্ত্রটি কোন আন্দোলনের সময় প্রয়োগ করেছিলেন?
(A) চম্পারণ সত্যাগ্রহ (1917) (B) খেদা সত্যাগ্রহ (1918) (C) আহমেদাবাদ মিল ধর্মঘট (1918) (D) রাওলাট সত্যাগ্রহ (1919)

33. রক্তের প্লাজমায় থাকা কোন প্রোটিনটি মূলত মানুষের শরীরের অভিস্রবণ চাপ বা জলের ভারসাম্য নিয়ন্ত্রণ করার প্রধান কাজ পরিচালনা করে?
(A) গ্লোবিউলিন (B) অ্যালবুমিন (C) ফাইব্রিনোজেন (D) প্রথম্বিন

34. তীব্র খরা বা জলের অভাব দেখা দিলে উদ্ভিদের পাতায় থাকা পত্ররন্ধ্র বন্ধ করে দিয়ে প্রস্বেদন বা বাষ্পমোচন রোধ করে কোন উদ্ভিদ হরমোন?
(A) অক্সিন (B) জিব্বেরেলিন (C) অ্যাবসিসিক অ্যাসিড (D) সাইটোকাইনিন

35. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী প্রতি ৫ বছর অন্তর রাজ্যের রাজ্যপাল গ্রামীণ স্বায়ত্তশাসন বা পঞ্চায়েতগুলির আর্থিক পরিস্থিতি পর্যালোচনার জন্য একটি 'রাজ্য অর্থ কমিশন' গঠন করেন?
(A) অনুচ্ছেদ 243I (B) অনুচ্ছেদ 243K (C) অনুচ্ছেদ 243M (D) অনুচ্ছেদ 280

36. এক অসৎ ব্যবসায়ী ক্রয়মূল্যেই পণ্য বিক্রি করার দাবি করে, কিন্তু 1 কেজির পরিবর্তে 850 গ্রামের বাটখারা ব্যবহার করে। তাঁর লাভের শতকরা হার কত?
(A) 15% (B) $17\frac{11}{17}$% (C) $17\frac{1}{17}$% (D) 18%

37. 3 বছর আগে 5 সদস্যের একটি পরিবারের গড় বয়স ছিল 17 বছর। একটি নতুন শিশুর জন্মের পর আজ ওই পরিবারের গড় বয়স একই থাকে। শিশুটির বর্তমান বয়স কত?
(A) 1 বছর (B) 1.5 বছর (C) 2 বছর (D) 3 বছর

38. দু'টি ট্রেন একই দিকে যথাক্রমে 40 কিমি/ঘণ্টা ও 22 কিমি/ঘণ্টা বেগে ধাবিত হচ্ছে। দ্রুতগামী ট্রেনটি ধীরগামী ট্রেনের ভেতরে বসে থাকা এক ব্যক্তিকে 5 সেকেন্ডে অতিক্রম করে। দ্রুতগামী ট্রেনটির দৈর্ঘ্য কত?
(A) 25 মিটার (B) 30 মিটার (C) 50 মিটার (D) 60 মিটার

39. একটি ক্লাসের ছাত্রদের গড় নম্বর ছিল 64. যদি 3 জন ছাত্রের নম্বর ভুল করে 73, 65 ও 74 এর জায়গায় যথাক্রমে 36, 26 ও 46 লেখা হয়ে থাকে, তবে সঠিক গড় নম্বর হত 66. ক্লাসে মোট ছাত্র সংখ্যা কত?
(A) 30 জন (B) 35 জন (C) 40 জন (D) 50 জন

40. একটি নির্বাচন ক্ষেত্রে মোট ভোটারের 20% ভোটদানে বিরত ছিলেন। প্রদত্ত ভোটের 10% বাতিল বা অবৈধ ঘোষিত হয়। সফল প্রার্থী বৈধ ভোটের 60% পেয়ে, 1,440 ভোটে জয়ী হন। মোট ভোটার সংখ্যা কত ছিল?
(A) 8,000 জন (B) 10,000 জন (C) 12,000 জন (D) 15,000 জন

41. স্থির জলে একটি নৌকার বেগ 11 কিমি/ঘণ্টা। যদি নৌকাটি স্রোতের প্রতিকূলে 2 ঘণ্টায় 12 কিমি দূরত্ব অতিক্রম করে, তবে স্রোতের অনুকূলে 30 কিমি যেতে নৌকাটির কত সময় লাগবে?
(A) 1.5 ঘণ্টা (B) 2 ঘণ্টা (C) 2.5 ঘণ্টা (D) 3 ঘণ্টা

42. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বৃদ্ধি ও প্রস্থ 10% হ্রাস করা হলো। এর ফলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলের কী পরিবর্তন হবে?
(A) 8% বৃদ্ধি (B) 10% বৃদ্ধি (C) 8% হ্রাস (D) কোনো পরিবর্তন হবে না

43. 15টি বল 540 টাকায় বিক্রি করায় 3টি বলের ক্রয়মূল্যের সমান ক্ষতি হয়। একটি বলের ক্রয়মূল্য কত?
(A) 35 টাকা (B) 40 টাকা (C) 45 টাকা (D) 50 টাকা

44. A ও B এর আয়ের অনুপাত 5 : 3 ও তাদের ব্যয়ের অনুপাত 9 : 5. যদি তারা যথাক্রমে 1,300 টাকা ও 900 টাকা সঞ্চয় করে, তবে

## মিসলেনিয়াস স্পেশাল

A-এর আয় কত?

(A) 4,000 টাকা (B) 4,500 টাকা (C) 5,000 টাকা (D) 6,000

**45.** 3টি সংখ্যার মধ্যে প্রথম সংখ্যাটি দ্বিতীয়টির দ্বিগুণ ও দ্বিতীয় সংখ্যাটি তৃতীয়টির তিনগুণ। সংখ্যা তিনটির গড় 10 হলে, বৃহত্তম সংখ্যাটি কত?

(A) 15 (B) 18 (C) 21 (D) 24

**46.** এক ব্যক্তি কিছু দূরত্ব 4 কিমি/ঘণ্টা বেগে হেঁটে যান ও 16 কিমি/ঘণ্টা বেগে সাইকেল চালিয়ে ফিরে আসেন। পুরো যাত্রাপথে তাঁর গড় বেগ কত ছিল?

(A) 6.4 কিমি/ঘণ্টা (B) 8 কিমি/ঘণ্টা (C) 10 কিমি/ঘণ্টা (D) 12 কিমি/ঘণ্টা

**47.** দু'টি সংখ্যার অনুপাত 3 : 4. যদি প্রতিটি সংখ্যার সঙ্গে 6 যোগ করা হয়, তবে নতুন অনুপাত হয় 4 : 5. সংখ্যা দু'টির পার্থক্য কত?

(A) 4 (B) 6 (C) 8 (D) 10

**48.** বার্ষিক 5% সরল সুদের হারে কত টাকার 3 বছরের সরল সুদ ও জটিল সুদের পার্থক্য 15.25 টাকা হবে?

(A) 1,500 টাকা (B) 2,000 টাকা (C) 2,500 টাকা (D) 3,000 টাকা

**49.** 15 জন লোক দৈনিক 8 ঘণ্টা কাজ করে একটি কাজ 21 দিনে শেষ করতে পারে। দৈনিক কত ঘণ্টা কাজ করলে 14 জন লোক সেই কাজ 20 দিনে শেষ করতে পারবে?

(A) 8 ঘণ্টা (B) 9 ঘণ্টা (C) 10 ঘণ্টা (D) 12 ঘণ্টা

**50.** একটি পরীক্ষায় 4% ছাত্র-ছাত্রী ফেল করে। যদি মোট পরীক্ষার্থীর সংখ্যা থেকে আরও 240 জন বেশি পাশ করত, তবে পাশের হার হতো 98%. মোট পরীক্ষার্থী কত ছিল?

(A) 4,000 জন (B) 6,000 জন (C) 8,000 জন (D) 12,000 জন

### উত্তর

1(B). 2(B). 3(B). 4(C). 5(B). 6(A). 7(B). 8(B). 9(B). 10(B). 11(C). 12(B). 13(B). 14(B). 15(D). 16(C). 17(C). 18(B). 19(B). 20(C). 21(B). 22(B). 23(C). 24(B). 25(A). 26(B). 27(C) . 28(C). 29(C). 30(B). 31(B). 32(C). 33(B). 34(C). 35(A).

**36(B).** ব্যবসায়ী 8 Casino গ্রাম পণ্য দিয়ে 1 কেজি বা 1,000 গ্রামের দাম নেন। তাঁর লাভ হয় 1000 − 850 = 150 গ্রাম। লাভের হার = $\frac{150}{100}\times100 = \frac{300}{17} = 17\frac{11}{17}\%$.

**37(C).** 3 বছর আগে 5 জনের মোট বয়স ছিল = 5 × 17 = 85 বছর। শিশুটি ছাড়া এখন 5 জনের মোট বয়স হওয়ার কথা = 85 + (5 × 3) = 100 বছর। এখন শিশু-সহ 6 জনের মোট বয়স = 6 × 17 = 102 বছর। শিশুটির বয়স এখন = 102 − 100 = 2 বছর।

**38(A).** একই দিকে যাওয়ার কারণে আপেক্ষিক বেগ = 40 − 22 = 18 কিমি/ঘণ্টা। মিটারে প্রকাশ করলে = $18\times\frac{5}{18}$ = 5 মিটার/সেকেন্ড। যেহেতু ট্রেনটি শুধু এক ব্যক্তিকে অতিক্রম করেছে, তাই এটি নিজের দৈর্ঘ্য পার হয়েছে। ট্রেনের দৈর্ঘ্য = বেগ × সময় = 5 × 5 = 25 মিটার।

**39(B).** আসল নম্বরের যোগফল হওয়ার কথা ছিল = 73 + 65 + 74 = 212. ভুল করে লেখা হয়েছে = 36 + 26 + 46 = 108. নম্বরের ঘাটতি = 212 − 108 = 104. এই 104 নম্বর বাড়ার কারণে গড় বৃদ্ধি পায় = 66 − 64 = 2. মনে করি, মোট ছাত্র n, তাহলে 2 × n = 104 ⇒ n = 52. (নম্বর পরিবর্তনে টাইপো থাকলে সমীকরণ পদ্ধতিটিই চূড়ান্ত)

**40(B).** মনে করি, মোট ভোটার x. প্রদত্ত ভোট = x × 0.80. বৈধ ভোট = x × 0.80 × 0.90 = 0.72x. সফল প্রার্থী 60% পেলে পরাজিত প্রার্থী পান 40%. জয়ের ব্যবধান = (60% − 40%) = 20%. শর্তানুসারে, 0.72x × 20% = 1440 ⇒ 0.72x × 0.20 = 1440 ⇒ 0.144x = 1440 ⇒ x = 10,000 জন। **41(B).** স্রোতের প্রতিকূলে বেগ = $\frac{12}{2}$ = 6 কিমি/ঘণ্টা।

আমরা জানি, প্রতিকূলে বেগ = নৌকার বেগ − স্রোতের বেগ ⇒ 6 = 11 − স্রোতের বেগ ⇒ স্রোতের বেগ = 5 কিমি/ঘণ্টা। স্রোতের অনুকূলে বেগ = নৌকার বেগ + স্রোতের বেগ = 11 + 5 = 16 কিমি/ঘণ্টা (যদি প্রতিকূলে বেগ 6 হয়)।

30 কিমি অনুকূলে যেতে সময় লাগবে = $\frac{30}{16}$ বা কাছাকাছি মান।

**42(A).** সাকসেসিভ বা কার্যকর পরিবর্তনের সূত্রানুসারে : $a + b + \frac{ab}{100}$. এখানে a = +20 ও b = − 10. পরিবর্তন = 20 − 10 + $\frac{20\times(-10)}{100}$ = 10 − 2 = +8%. ধনাত্মক মান নির্দেশ করে যে ক্ষেত্রফল 8% বৃদ্ধি পাবে।

**43(C).** ক্ষতি = ক্রয়মূল্য − বিক্রয়মূল্য। 3টি বলের CP = 15টি বলের CP − 15টি বলের SP. বা, 15টি বলের SP = 12টি বলের CP. প্রশ্নানুসারে, 12টি বলের CP = 540 টাকা। 1টি বলের CP = $\frac{540}{12}$ = 45 টাকা।

**44(A).** মনে করি, A-এর আয় 5x ও B-এর আয় 3x. আমরা জানি, আয় − সঞ্চয় = ব্যয়। শর্তানুসারে, $\frac{5x-1300}{3x-900} = \frac{9}{5}$. বা, 25x − 6500 = 27x − 8100 ⇒ 2x = 1600 ⇒ x = 800. A-এর আয় = 5 × 800 = 4,000 টাকা।

**45(B).** মনে করি, তৃতীয় সংখ্যাটি = x, তাহলে দ্বিতীয় সংখ্যাটি = 3x ও প্রথম সংখ্যাটি = 2 × 3x = 6x. সংখ্যা তিনটির সমষ্টি = 6x + 3x + x = 10x. প্রশ্নানুসারে, গড় = 10, অর্থাৎ সমষ্টি = 10 × 3 = 30. 10x = 30 ⇒ x = 3. বৃহত্তম সংখ্যাটি হল প্রথম সংখ্যাটি (6x) = 6 × 3 = 18.

**46(A).** যখন দু'টি সমান দূরত্ব আলাদা বেগে অতিক্রম করা হয়, তখন গড় বেগের সূত্র = $\frac{2xy}{x+y}$. গড় বেগ = $\frac{2\times4\times16}{4+16} = \frac{128}{20}$ = 6.4 কিমি/ঘণ্টা।

**47(B).** অনুপাতের ট্রিক : প্রথম অনুপাত 3 : 4 (পার্থক্য 1), দ্বিতীয় অনুপাত 4 : 5 (পার্থক্য 1)। এখানে অনুপাতের পরিবর্তন = (4 − 3) = 1 ইউনিট বা (5 − 4) = 1 ইউনিট। এই 1 ইউনিট পরিবর্তনের কারণ হল 6 যোগ করা। অর্থাৎ 1 ইউনিট = 6. সংখ্যা দু'টির অনুপাতের পার্থক্য ছিল = (4 − 3) = 1 ইউনিট = 6.

**48(B).** 3 বছরের জটিল ও সরল সুদের পার্থক্যের সূত্র : $D = P\left(\frac{r}{100}\right)^2\left(\frac{300+r}{100}\right)$. এখানে D = 15.25, r = 5. 15.25 = P × $\left(\frac{5}{100}\right)^2\times\left(\frac{305}{100}\right)$ বা, 15.25 = P × $\frac{1}{400}$ × $\frac{305}{100}$ ⇒ 15.25 = P × $\frac{305}{100}$ বা, P = $\frac{15.25\times40000}{305}$ = 2,000 টাকা।

**49(B).** আমরা জানি, $M_1D_1H_1 = M_2D_2H_2$; এখানে 15 × 21 × 8 = 14 × 20 × $H_2$ বা, $H_2 = \frac{15\times21\times8}{14\times20} = \frac{3}{4}\times12$ = 9 ঘণ্টা।

**50(D).** প্রথমে 4% ফেল করেছিল, অর্থাৎ পাশ করেছিল 96%. পরে পাশের হার দাঁড়িয়েছে 98%. পাশের হারের শতকরা বৃদ্ধি = 98% − 96% = 2%. প্রশ্নানুসারে, এই 2% এর মানই হল 240 জন। 2%=240⇒100%=$\frac{240}{2}$×100=12,000 জন।

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১,৪০৩ ১ পাতার পর

কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, ইউকো ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়।

যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল /কলেজ/ ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার।

প্রাক্তন সমরকর্মীরা ওপরের ওই শিক্ষাগত যোগ্যতা না থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় আর্মি স্পেশাল সার্ভিস অফ এডুকেশন, নেভি বা, এয়ারফোর্সের করেসপন্ডিং সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও অন্তত ১৫ বছর চাকরি করে থাকতে হবে।

বয়স হতে হবে ১-৮-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৮ থেকে ১-৮-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। তপশিলীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে সেপ্টেম্বরে। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ তা দেওয়া হল : **(A) WEST BENGAL — (1) Bank of India** : 20 (UR : 8, OBC : 4, SC : 5, ST:1, EWS : 2), **(2) Central Bank of India** : 150 (UR : 35, OBC : 45, SC : 49, ST : 12, EWS : 9), **(3) Punjab National Bank**: 415 (UR : 168, OBC : 91, SC : 95, ST : 20, EWS : 41), **(4) Punjab & Sind Bank** : 5 (UR : 3, OBC : 2). (5) **Indian Overseas Bank** : 18 (UR : 10, OBC : 3, SC : 4, EWS:1). **(6) Canara Bank** : 105 (UR : 42, SC-24, ST-5, OBC : 24, EWS : 10). **(7) Bank of Maharashtra** : 20 (UR : 9, SC-4, ST-1, OBC : 4, EWS : 2). **(8) Bank of Baroda** : 15 (UR :5, SC-4, OBC : 4, EWS : 2). **(9) Indian Bank** : 170 (UR :61, SC-45, ST-9, OBC : 41, EWS : 14). **(10) Uco Bank** : 28 (UR :13, SC-6, ST 1, OBC : 6, EWS : 2).

**(B) JHARKHAND — (1) Central Bank of India** : 12 (UR : 5, OBC : 2, SC : 2, ST : 2, EWS : 1). **(2) Punjab National Bank** : 8 (UR : 6, ST-2). **(3) Punjab & Sind Bank** : 4 (UR : 3, ST : 1). **(4) Bank of Maharashtra** : 12 (UR : 6, SC-1, ST-3, OBC : 1, EWS : 1). **(5) Canara Bank** : 60 (UR : 24, SC-8, ST-15, OBC : 7, EWS : 6). **(6) Bank of India** : 40 (UR : 16, SC-5, ST-10, OBC : 5, EWS : 4). **(7) Indian Bank** : 30 (UR :12, SC-2, ST:9, OBC : 5, EWS : 7). **(8) Indian Overseas Bank** : 9 (UR :5, SC-1, ST : 2, OBC : 1). **(9) UCO Bank** : 7 (UR :6, ST-1).

**(C) BIHAR — (1) Central Bank of India** : 132 (UR : 44, OBC : 47, SC : 32, EWS : 9), **(2) Punjab National Bank** : 80 (UR : 39, OBC : 21, SC : 12, EWS-8), **(3) Punjab & Sind Bank** : 25 (UR : 13, SC:4, OBC : 6, EWS: 2). **(4) Bank of Maharashtra** : 8 (UR : 5, SC-1, OBC : 2). **(5) Canara Bank** : 90 (UR : 43, SC-14, OBC : 24, EWS : 9). **(6) Bank of Baroda** : 30 (UR : 15, SC-4, OBC : 8, EWS : 3). **(7) Bank of India** : 25 (UR :11, SC-4, OBC : 7, EWS : 3). **(8) Indian Bank** : 80 (UR :34, SC-15, OBC : 25, EWS : 6). **(9) Indian Overseas Bank** : 21 (UR :9, SC-3, ST: 1, OBC : 6, EWS : 2).

**(D) ODISHA — (1) Bank of India** : 10 (UR-4, SC-2, ST-2, OBC 1, EWS 1), **(2) Central Bank of India** : 19 (UR : 7, OBC : 4, SC : 3, ST : 4, EWS : 1), **(3) Punjab National Bank**: 53 (UR : 23, OBC :6, SC : 8, ST : 11, EWS : 5), **(4) Punjab & Sind Bank** : 5 (UR-4, OBC-1), **(5) Indian Overseas Bank** : 41 (UR : 17, SC 7, ST 9, OBC : 5, EWS: 3), **(6) Canara Bank** : 100 (UR : 40, SC : 16, ST-22. OBC 12, EWS 10). **(7) Bank of Baroda** : 30 (UR : 13, SC-5, ST-6, OBC : 3, EWS : 3). **(8) Bank of Maharashtra** : 8 (UR : 6, SC-1, ST-1). **(9) Indian Bank** : 45 (UR : 18, SC-7, ST-10, OBC : 6, EWS : 4). **(10) UCO Bank** : 26 (UR :11, SC-6, ST: 5, OBC : 2, EWS : 2).

**(E) TRIPURA — (1) Central Bank of India** : 2 (UR), **(2) Punjab National Bank**: 38 (UR : 18, SC : 6, ST : 11, EWS 3), **(3) Bank of Baroda** : 8 (UR : 3, SC: 2, ST-2, EWS 1). **(4) Canara Bank** : 14 (UR : 7, SC : 2, ST : 4, EWS : 1). **(5) Indian Bank** : 1 (UR). **(6) UCO Bank** : 1 (UR).

**(F) Assam – (1) Canara Bank** : 55 (UR : 27, SC : 3, ST-6, OBC 14, EWS- 5), **(3) Central Bank of India** : 54 (UR : 17, OBC : 21, SC : 5, ST-8, EWS-3), **(4) Punjab and Sind Bank** : 30 (UR : 14, SC:2, ST -3, OBC 8, EWS 3). **(5) Bank of Baroda** : 36 (UR : 17, SC: 3, ST-4, OBC : 9, EWS : 3). **(6) Bank of Maharashtra** : 2 (UR). **(7) Punjab National Bank** : 102 (UR : 46, SC-7, ST-12, OBC : 27, EWS : 10). **(8) Indian Bank** : 40 (UR : 17, SC: 4, ST: 5, OBC : 11, EWS 3). **(9) Indian Overseas Bank** : 8 (UR :3, SC-1, ST : 1, OBC : 2, EWS : 1). **(10) UCO Bank** : 22 (UR :12, SC-1, ST: 2, OBC : 5, EWS : 2).

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। পরীক্ষা হবে অনলাইনে অক্টোবরে, কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন অনলাইন পরীক্ষা কেন্দ্রে। পরীক্ষায় প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ও হিন্দিতে।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে নভেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা হবে নভেম্বরে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৬০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২০ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি - ৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। এরপর প্রভিশনালি অ্যালটমেন্ট পাবেন আগামী বছর মার্চ মাস নাগাদ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের রঙিন ফটো ও নিজের সই (সিগনেচার) স্ক্যান করা থাকতে হবে (স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'এ জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে)। সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে আর ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে। (৩) লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করতে হবে, (৪) পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ১৭৫) টাকা লাগবে। টাকা অনলাইনে জমা দিতে পারবেন, ২১ আগস্টের মধ্যে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Click here to apply online for CRP Clerks (CRP -CSA-XVI)'তে ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ইসরোতে ৪১০ ১ পাতার পর

স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স ৩০টি, ইলেক্ট্রনিক্স ৩৮টি, মেকানিক্যাল ৩০টি, ইলেক্ট্রিক্যাল ১০টি, সিভিল ৫টি, ইন্সট্রুমেন্টেশন ৫টি, অটোমোবাইল ২টি, কমার্শিয়াল প্র্যাক্টিস ৭০টি।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে : কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, মেকানিক্যাল, কেমিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, অটোমোবাইল, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স ৪০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৮৩টি, মেকানিক্যাল ৫০টি, কেমিক্যাল ১৫টি, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ১০টি, অটোমোবাইল ২টি, অ্যারোনটিক্যাল ১০টি, অ্যারোস্পেস ১০টি।

ওপরের সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২২, ২০২৩, ২০২৪, ২০২৫, ২০২৬ সালে। এই পদের বিজ্ঞপ্তি নং : URSC : 03:2026. Date: 29.07.2026.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে দরখাস্ত করতে হবে অনলাইনে, ২৮ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nats.education.gov.in এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। কৃত্রিম কিডনি বা ব্লাড ডায়ালাইজার, যা কিডনি বিকল বা কিডনিজনিত সমস্যার ক্ষেত্রে ব্যবহৃত হয়, তা কোন নীতির ওপর ভিত্তি করে কাজ করে — ব্যাপন ও অভিস্রবণ।

২। শরীরের কোন অংশগুলিতে মূলত গ্লাইকোজেন জমা থাকে — যকৃৎ ও পেশি।

৩। জীববিজ্ঞানের একটি শাখা 'লেপিডোপটেরোলোজি' কোন বিষয় নিয়ে কাজ করে — মথ ও প্রজাপতি।

৪। পারমাণবিক ব্যাসার্ধ প্রকাশের জন্য সবথেকে উপযুক্ত একক কোনটি — ফার্মি।

৫। ১৯২২ সালে নিলস বোর কোন ক্ষেত্রে 'নোবেল' পুরস্কার পান — পদার্থবিজ্ঞান (পরমাণুর গঠন ও কোয়ান্টাম তত্ত্ব বোঝার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য)।

৬। স্বয়ংক্রিয় যানবাহনে ব্যবহৃত হাইড্রোলিক ব্রেক কোন সূত্রের প্রত্যক্ষ প্রয়োগ — পাস্কালের সূত্র।

৭। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের প্রধান উপাদান হল — বিউটেন বা প্রোপেন।

৮। সূর্যের ক্রোমোস্ফিয়ারে প্রথম কোন রাসায়নিক উপাদান আবিষ্কৃত হয় — হিলিয়াম (ফর্মুলা - He, পারমাণবিক সংখ্যা - 2)।

## ইতিহাস

৯। কত বছর বয়সে গৌতম বুদ্ধ নির্বাণ লাভ করেছিলেন — ৩৫ (বোধগয়ায় বোধিবৃক্ষের নীচে ধ্যানমগ্ন অবস্থায় তিনি বোধি বা নির্বাণ লাভ করেন)।

১০। 'সুল্ব সূত্র' গণিতের কোন শাখার সঙ্গে সম্পর্কিত — জ্যামিতি।

১১। বৈদিক ভারতে কোন নদীকে 'বিপাশা' বলা হত — বিয়াস।

১২। গ্রিক পাঠ্যগুলিতে, কার কথা 'অ্যামিট্রোচেটস' হিসাবে উল্লেখ করা হয়েছে — বিন্দুসার।

১৩। ধর্মীয় বিষয়ে নিজের কর্তৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে ১৫৭৯ সালে আকবর যে 'মহজরনামা' বা 'অব্যর্থতার কথা' জারি করেছিলেন, তা রচনা করেছিলেন — ফৈজি।

১৪। বাহমনি সালতানাতের রাজধানী ছিল — গুলবর্গা (গুলবর্গা ১৩৪৭ থেকে ১৪২৫ সাল পর্যন্ত বাহমনি সালতানাতের রাজধানী ছিল)।

১৫। মহারাজা রঞ্জিত সিংয়ের (১৭৮০ থেকে ১৮৩৯) শাসনামলে কোন শহর রাজধানী ছিল — লাহোর।

১৬। 'শ্রীরঙ্গপত্তনমের সন্ধি' কোন যুদ্ধের সঙ্গে সম্পর্কিত — তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৯২ সালের ১৮ মার্চ 'শ্রীরঙ্গপত্তনমের সন্ধি' স্বাক্ষরিত হয়েছিল)।

## ভূগোল

১৭। ভারতে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে সাধারণত কোন ধরনের ফসল ইতিবাচকভাবে প্রভাবিত হয় — রবি শস্য।

১৮। কোন নদীকে 'ছত্তিশগড়ের জীবনরেখা' বলা হয় — মহানদী।

১৯। কোন রাজ্য সর্বপ্রথম 'ওক তসর শিল্প' চালু করেছিল — মণিপুর।

২০। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে বেশিরভাগ উপজাতি মাতৃতান্ত্রিক প্রথা অনুসরণ করে, যেখানে বংশপরিচয় ও উত্তরাধিকার নারীদের মাধ্যমে নির্ধারিত হয় — মেঘালয়।

২১। ভারতের প্রায় সব অঞ্চলেই প্রতি বছর বর্ষাকালে সর্বাধিক বৃষ্টিপাত হয়ে থাকে। কোন রাজ্যটি এর ব্যতিক্রম — তামিলনাড়ু {তামিলনাড়ুতে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর (জুন থেকে সেপ্টেম্বর) বদলে উত্তর-পূর্ব মৌসুমী বায়ুর (অক্টোবর থেকে ডিসেম্বর) সময়ে বেশিরভাগ বৃষ্টিপাত হয়ে থাকে}।

২২। কোন মাটিতে আর্দ্রতা ধরে রাখার ক্ষমতা থাকায় খুব কম সেচের প্রয়োজন হয় — কালো মাটি।

২৩। ভারতের কোন রাজ্যটির ক্রোমাইট উৎপাদনে প্রায় একচেটিয়া আধিপত্য রয়েছে — ওড়িশা (যা দেশের মোট মজুতের প্রায় ৯৮% ও জাতীয় উৎপাদনের প্রায় ৯৫%)।

২৪। সবথেকে নিম্নমানের আকরিক লোহা কোনটি — সিডারাইট (এটি হল সর্বনিম্ন মানের আকরিক লোহা, যাতে ৪০ শতাংশের কম লোহা থাকে)।

## অর্থনীতি

২৫। প্রথম ভারতীয় কোম্পানি হিসাবে ২০২৬ আর্থিক বছরে ১২০ বিলিয়ন ডলার বার্ষিক আয়ের মাইলফলক অতিক্রম করল কোন সংস্থা — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এবছর ১২৪ বিলিয়ন ডলার রাজস্ব আয় করেছে সংস্থাটি)।

২৬। ভারতের প্রথম ফ্লেক্স-ফুয়েল বাইক আনল কোন সংস্থা — হিরো মোটোকর্প (তাদের জনপ্রিয় ১০০ সিসি সেগমেন্টের দু'টি মডেল - স্প্লেন্ডার প্লাস ও এইচএফ ডিলাক্সে এই প্রযুক্তি চালু করা হয়েছে)।

২৭। আনুষ্ঠানিকভাবে কোন দেশে ইউপিআই পেমেন্ট চালু করল 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া'র আন্তর্জাতিক শাখা 'এনপিসিআই ইন্টারন্যাশনাল পেমেন্টস লিমিটেড' — কম্বোডিয়া (কম্বোডিয়ার 'ACLEDA Bank PLC'এর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে এই ক্রস-বর্ডার পেমেন্ট সিস্টেম চালু করা হয়েছে)।

২৮। এবছর মুম্বইয়ে, 'ফিনাকল ইনোভেশন পুরস্কার'এ 'আধুনিক প্রযুক্তি চালিত উদ্ভাবন - ডেটা ইনসাইটস অ্যান্ড অ্যানালিটিক্স প্ল্যাটফর্ম' বিভাগে সোনার পদক জিতল কোন ব্যাঙ্ক — জম্মু অ্যান্ড কাশ্মীর ব্যাঙ্ক লিমিটেড (ব্যাঙ্কটির ক্লাউড-ভিত্তিক এন্টারপ্রাইজ ডেটা ও অ্যানালিটিক্স ইকোসিস্টেমের জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে)।

## সাম্প্রতিক ঘটনা

২৯। ভারতীয় নৌবাহিনীর প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।



৩০। 'ন্যাশনাল ট্রেডস ইউনিয়ন কংগ্রেস'এর সর্বোচ্চ সম্মান 'মেডেল অফ অনার' পেলেন কে — সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ড.ভিভিয়ান বালাকৃষ্ণণ।

৩১। কলম্বিয়া প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ড.বিনোদ জে.বাহাড়ে।

৩২। ভারতের প্রথম ইনস্টিটিউশন অফ এমিনেন্স হিসাবে, 'ডাটা সায়েন্স কাউন্সিল অফ আমেরিকা'র মাধ্যমে স্বীকৃত হল কারা — ও.পি.জিন্দাল গ্লোবাল ইউনিভার্সিটি।

৩৩। জলাতঙ্কে আক্রান্ত ও অত্যন্ত বিপজ্জনক কুকুরদের ক্ষেত্রে 'ইউথেনেশিয়া' বা নিয়ন্ত্রিত মৃত্যুর অনুমতি দিল কোন দেশের শীর্ষ আদালত — ভারত।

৩৪। কোন দুই দেশ তাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে একটি 'সবুজ কৌশলগত অংশীদারিত্ব'এ উন্নীত করেছে — ভারত ও নরওয়ে।

৩৫। ভারতীয় বায়ুসেনার প্রথম মহিলা অফিসার হিসাবে মর্যাদাপূর্ণ ক্যাটেগরি-এ কোয়ালিফায়েড ফ্লাইং ইন্সট্রাক্টর যোগ্যতা অর্জন করে ইতিহাস গড়লেন কে — স্কোয়াড্রন লিডার সান্যা।

৩৬। 'ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সৌরভ বিজয়।

৩৭। সম্প্রতি প্রয়াত বি.সি. খান্ডুরি (৯১ বছর) ভারতের কোন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন — উত্তরাখণ্ড।

৩৮। বিভিন্ন সরকারি চাকরিতে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা ৫ বছর বাড়াল কোন রাজ্য — পশ্চিমবঙ্গ।

৩৯। 'বিশ্ব এইডস টিকা দিবস' কবে পালিত হয় — ১৮ মে।

৪০। 'আন্তর্জাতিক জাদুঘর দিবস' কবে পালিত হয় — ১৮ মে।

৪১। সুইডেনের সর্বোচ্চ সম্মান 'রয়্যাল অর্ডার অফ দ্য পোলার স্টার, ডিগ্রি কম্যান্ডার গ্র্যান্ড ক্রস'এ ভূষিত হলেন কে — ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ও তাঁর দূরদর্শী নেতৃত্বের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৪২। গুরুগ্রামের নতুন পুলিশ কমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — শিবশ কবিরাজ।

৪৩। কোন দুই দেশে ছড়িয়ে পড়া ইবোলা প্রাদুর্ভাবকে 'আন্তর্জাতিক উদ্বেগের জনস্বাস্থ্য জরুরি অবস্থা' হিসাবে ঘোষণা করল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' — গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গো ও উগান্ডা।

৪৪। মহিলাদের স্বনির্ভর গোষ্ঠী ও মহিলা নেতৃত্বাধীন স্টার্টআপগুলিকে ১০ কোটি টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদানের একটি যুগান্তকারী ঘোষণা করল কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল — দিল্লি।

৪৫। জন্মহার বাড়াতে, তৃতীয় ও চতুর্থ সন্তানের জন্মের জন্য ইনসেন্টিভ দেওয়ার সিদ্ধান্ত নিল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৪৬। কোন রাজ্যের ভোপালের আপার লেকে (যা 'ভোজতাল' নামেও পরিচিত) একটি প্রিমিয়র 'ন্যাভাল সেলিং নোড' উদ্বোধন করল ভারতীয় নৌবাহিনী — মধ্য প্রদেশ।

৪৭। বিশ্ববিখ্যাত মালমাস মেলা কোথায় হয়েছে — বিহারের রাজগির।

৪৮। সম্প্রতি প্রয়াত ডেভিড বার্ক (৯১ বছর) কে ছিলেন — ব্রিটিশ অভিনেতা।

৪৯। ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক মানুষ-হাতি সংঘাত গবেষণা কেন্দ্র কোন রাজ্যে স্থাপিত হতে চলেছে — ঝাড়খণ্ড।

৫০। ভারতের জ্বালানি নিরাপত্তা জোরদার করতে ও জ্বালানি খাতে আত্মনির্ভরশীলতা বাড়াতে, কোন রাজ্যের উর্তান ও ধিরাউলি কয়লা খনি থেকে কয়লা উৎপাদন শুরু করল কেন্দ্রীয় কয়লা মন্ত্রক — মধ্য প্রদেশ।

৫১। ধার জেলার বিতর্কিত ভোজশালা-কমল মৌল মসজিদ চত্বরকে দেবী বাগদেবী সরস্বতীর মন্দির হিসাবে ঘোষণা করল কোন রাজ্যের হাই কোর্ট — মধ্য প্রদেশ।

৫২। কেরলমের মুখ্যমন্ত্রী হিসাবে এখন কে — ভি.ডি.সতীশন।

৫৩। ইরাকের প্রধানমন্ত্রী এখন কে — আলি ফালিহ কাদিম আল-জাইদি।

৫৪। প্রধান বিচারপতিকে বাদ দিয়ে সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে কত করা হচ্ছে — ৩৭।

৫৫। ১ জুন থেকে 'আনন্দ বিবাহ আইন, ১৯০৯' কার্যকর করতে চলেছে কোন রাজ্য -- সিকিম।

৫৬। বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট এভারেস্ট'এ (৮,৮৪৯ মিটার) ৩২ বারের মতো সফলভাবে আরোহণ করে নজির গড়লেন কে — কিংবদন্তি পর্বতারোহী তথা নেপালি শেরপা কামি রিতা।



৫৭। 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — সুরেন্দ্র কুমার ঝা।

৫৮। ইন্ডিয়ান আর্মার্ড কর্পস'এর ৪৫ ক্যাভালরির সম্মানসূচক সদস্যপদ পেলেন কে — বলিউড অভিনেতা ঈশান খট্টর (যুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'পিপ্পা'তে ক্যাপ্টেন বলরাম সিং মেহতা'র চরিত্রটি অত্যন্ত বিশ্বস্ততার সঙ্গে রূপায়ণের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৫৯। নরওয়ের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'গ্র্যান্ড ক্রস অফ দ্য রয়্যাল নরওয়েজিয়ান অর্ডার অফ মেরিট' পেলেন কে — ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (ভারত ও নরওয়ের দ্বিপাক্ষিক সম্পর্ক ও আন্তর্জাতিক সহযোগিতায় তাঁর নেতৃত্বের অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬০। চিনের মহাপ্রাচীরের পর, ভারতের কোন রাজ্যের কুম্ভলগড় দুর্গের প্রাচীরকে বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম অবিচ্ছিন্ন ও অক্ষত প্রাচীর হিসাবে স্বীকৃতি দিল 'ইউনেস্কো'র একটি সমীক্ষা — রাজস্থান।

৬১। 'বিশ্ব থাইরয়েড দিবস' কবে পালিত হয় — ২৫ মে।

৬২। 'শেনঝৌ-২৩' মহাকাশযান উৎক্ষেপণ করল কোন দেশ — চিন।

৬৩। কোথায় ভারতের প্রথম পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি ৩০০ কিলোমিটার পাল্লার ইউনিভার্সাল রকেট লঞ্চিং সিস্টেম 'সূর্যাস্ত্র'র উদ্বোধন করলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং — মহারাষ্ট্রের শিরডি।

৬৪। ২০২৫ সালের 'ইউএন মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার' পুরস্কার পেলেন কে — লেবাননে কর্মরত ভারতীয় শান্তিরক্ষী মেজর অভিলাষা বারাক।

৬৫। রাজ্যসভার গুরুত্বপূর্ণ পিটিশন (আবেদন সংক্রান্ত) কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — রাঘব চাড্ডা।

৬৬। মায়ানমার সরকারের মর্যাদাপূর্ণ ধর্মীয় উপাধি 'মহাসাধাম্মা জ্যোতিকাধজ'এ ভূষিত হলেন কে — নেপালের ড.লারখিয়াল লামা (বিশ্ব জুড়ে বৌদ্ধ শিক্ষা আর ঐতিহ্যের সংরক্ষণ ও প্রসারে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে)।

৬৭। ইবোলা সংক্রমণের প্রাদুর্ভাবের জেরে কোন ৩ দেশে অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে কেন্দ্রীয় সরকার — কঙ্গো, উগান্ডা ও দক্ষিণ সুদান।

৬৮। কোন রাজ্যের ডান্ডেওয়ালা ফিল্ডে একটি নতুন প্রাকৃতিক গ্যাসের ভাণ্ডার আবিষ্কার করল 'অয়েল ইন্ডিয়া লিমিটেড' — রাজস্থান।

৬৯। 'আন্তর্জাতিক নিখোঁজ শিশু দিবস' কবে পালিত হয় — ২৫ মে।

৭০। মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে, বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে পরিণত হল কোন দেশ — ভারত (শীর্ষ স্থানে রয়েছে চিন)।

## খেলাধূলা

৭১। 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ, দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে রেকর্ড ২৬৫ রান তাড়া করে ইতিহাস গড়ল কোন দল — পঞ্জাব কিংস (টোয়েন্টি-২০ ক্রিকেটের ইতিহাসে সর্বোচ্চ রান তাড়া করে জেতার রেকর্ড এটিই)।

৭২। প্রথম ভারতীয় মহিলা ব্যাডমিন্টন খেলোয়াড় হিসাবে 'বিশ্ব ব্যাডমিন্টন সংস্থা'র অ্যাথলিট কমিশনে জায়গা করে নিলেন কে — পি.ভি.সিন্ধু (বিশ্ব ব্যাডমিন্টন সংস্থার সদস্য হিসাবে ভোটাধিকারও থাকবে তাঁর)।

৭৩। এই প্রথমবারের মতো ২০২৬ সালে 'সাফ মহিলা চ্যাম্পিয়নশিপ'এর আয়োজন করেছে কোন রাজ্য — গোয়া (২৫ মে থেকে ৭ জুন)।

৭৪। ভারতের প্রথম রূপান্তরকামী আম্পায়ার হিসাবে ইতিহাস গড়লেন কে — তামিলনাড়ুর সালেমের বাসিন্দা ঋতিকা শ্রী।



৭৫। এবছর 'কমনওয়েলথ যুব ও জুনিয়র ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ ভারত মোট ক'টি সোনার পদক পেয়েছে — ৪টি (সুনীল সিং - পুরুষদের ৬৫ কেজি বিভাগে, আইসাংফা গগৈ - মহিলাদের ৫৮ কেজি বিভাগে, অভিনব গগৈ - পুরুষদের ৭১ কেজি বিভাগে ও চারু পেসি - ইউনিভার্সাল কাপ - পুরুষদের ৬৫ কেজি বিভাগে)।

৭৬। ২০২৫-'২৬ সালে 'এআইএফএফ এলিট ইয়ুথ লিগ' শিরোপা ধরে রাখল কোন দল — পঞ্জাব এফসি (জিঙ্ক ফুটবল আকাদেমি'কে ৩-০ ব্যবধানে হারিয়ে)।

৭৭। ইতিহাসের দ্বিতীয় (ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পর) ফুটবলার হিসাবে অফিসিয়াল ম্যাচে ৯০০ গোলের মাইলফলক ছুঁলেন কে — লিওনেল মেসি।

সঙ্কলক : পলি দেওয়ান

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে
সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ

**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**

INC, WBNC & WBUHS স্বীকৃত

Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



**Courses Offered**

B.Sc নার্সিং 60 Seats (4 Years)
GNM নার্সিং 60 Seats (3 Years)

Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।

সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ

● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।

স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani)
Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246

Ph. : 9903205182, 8017656252

N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year

## ১২০ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর

ডিজাইন ট্রেনি (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (কমিউনিকেশন সিস্টেম) ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫)।

ডিজাইন ট্রেনি (মেকানিক্যাল) : মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, মেকাট্রনিক্স, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬)।

ডিজাইন ট্রেনি (কম্পিউটার সায়েন্স) : কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড আই.টি., ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সিস্টেম, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (এ.আই., এ.আই. অ্যান্ড মেশিন লার্নিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সাইবার সিকিউরিটি), কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার নেটওয়ার্কিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

ডিজাইন ট্রেনি (মেটালার্জি) : মেটালার্জি, মেটেরিয়াল অ্যান্ড মেটালার্জি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ডিজাইন ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫)।

ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল) পদে নেওয়া হবে এইসব শাখায় : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, প্রোডাকশন, কম্পিউটার সায়েন্স, মেটালার্জি। কারা কোন পদের জন্য যোগ্য :

ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

ম্যানেজমেন্ট ট্রেনি (মেকানিক্যাল) : মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)।

ম্যানেজমেন্ট ট্রেনি (প্রোডাকশন) : ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্রোডাকশন, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল স্ট্রিম-প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

ম্যানেজমেন্ট ট্রেনি (কম্পিউটার সায়েন্স) : কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড আই.টি, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সিস্টেম, ইনফর্মেশন সিস্টেম, ইনফর্মেশন সায়েন্স, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

ম্যানেজমেন্ট ট্রেনি (মেটালার্জি) : মেটালার্জি, মেটেরিয়ালস অ্যান্ড মেটালার্জি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়ালস, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়ালস টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল সায়েন্সের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে অন্তত ৭০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৬০%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১৪-৮-২০২৬'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। অবজেক্টিভ টাইপের কম্পিটিটিভ অনলাইন টেস্ট হবে ৫ ও ৬ সেপ্টেম্বর। ১৬০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস ২০টি প্রশ্ন, ইংলিশ ও রিজনিং -৪০টি প্রশ্ন, সংশ্লিষ্ট শাখার ওপর ১০০টি প্রশ্ন। সফল হলে ইন্টারভিউ। কল লেটার ডাউনলোড করতে পারবেন ২০ আগস্ট থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.hal-india.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ব্যাঙ্ক চালান (পে-ইন স্লিপ) প্রিন্ট করে নেবেন। পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com